

ঈশ্বরের রাজ্য
শিষ্যত্বের একটি কার্যক্রম
পুস্তিকা

খণ্ড 1



ঈশ্বরের রাজ্যের শিষ্যত্ব প্রোগ্রাম প্রভু এবং তাঁর মহান ভালোবাসার মহিমা সম্পর্কে গভীর জ্ঞান অর্জনের সুযোগ প্রদান করে এবং ঈশ্বরের সমস্ত পূর্ণতার পরিমাপে পূর্ণ করে, অন্যদেরকে তাঁদের জীবনের যাত্রায় অনুরূপ কাজ করার জন্য ক্ষমতায়ন করে, যাতে জগৎ তাঁকে জানতে পারে।

স্বত্বাধিকার এবং রয়্যালটি মুক্ত 2015। আরও বিনামূল্যের সহায়তার জন্য www.jesuslovestheworld.info পরিদর্শন করুন অথবা info@jesuslovestheworld.info-তে ইমেল করুন।

জিজাস লাভস্ দ্যা ওয়ার্ল্ড একটি অলাভজনক, স্বেচ্ছাসেবক-ভিত্তিক, ঈশ্বরের রাজ্যের উদ্যোগ। এটি ব্যবহারিক সেমিনার পরিচালনা করে দেশীয় নেতাদের প্রশিক্ষণ ও ক্ষমতায়ন করে, মণ্ডলীতে প্রচার করে, বাইবেল কলেজগুলিতে শিক্ষা দেয় এবং সারা বিশ্বে লোকেদের হৃদয়ের ভাষায় ঈশ্বরের রাজ্যের সম্পদ তৈরি করে।

সূচীপত্র

সূচীপত্র	2
1: অদৃশ্যকে দেখা	3
2: তাঁকে জানতে হলে	4
3: তাঁকে ব্যক্তিগত করে তোলা	7
4: এখনই সময়	10
5: কারণ ঈশ্বর এত প্রেম করেন	13
6: পিতার প্রেম	15
7: পুত্রের প্রেম	18
8: পবিত্র আত্মার প্রেম	20
9: আমি যেমন তেমনই আমি গৃহীত	22
10: পরিচয় – আত্মায় জন্ম	24
11: প্রিয়জনের কাছে গৃহীত	28
12: সম্পর্ক	31
13: সম্পর্ক – অন্যেরা যেমন, তেমনই তাদের গ্রহণ করা	34
14: সম্পর্ক – সমানতা	37
15: সম্পর্ক – শিষ্যত্ব	40
16: সম্পর্ক – ঈশ্বরের রাজ্য	42
প্রার্থনা	44
10টি বীজ ওয়ার্কশীট	45

ভূমিকা

ঈশ্বর সমস্ত কিছুকে নিজের সাথে পুনর্মিলিত করতে, পুনরুদ্ধার করতে ও নবীকরণ করতে সবকিছু প্রেমের দ্বারাই করেন।
তিনি সম্পর্কমূলক, তিনি আন্তরিক ও তিনি ব্যক্তিগত।

প্রত্যেকে যাতে এই অধিবেশনগুলি থেকে সবচেয়ে বেশি লাভবান হতে পারে, তার জন্য আমি চাই যে আপনি যেন:

- ঈশ্বরের কাছ থেকে শোনার জন্য প্রত্যাশা রাখেন
- প্রশ্ন জিজ্ঞাসা করেন
- আপনার চিন্তাভাবনাগুলি ভাগ করে নেন ও আলোচনা করেন
- ঈশ্বরের রাজ্য শিষ্যত্ব কার্যক্রম ওয়ার্কবুকে আপনার উত্তরগুলি লিখুন
- এবং, সবচেয়ে বেশি, এই যাত্রাটির আনন্দ উপভোগ করুন।

ঈশ্বরের পরিকল্পনা

ঈশ্বরের পরিচালনাকারী উদ্দেশ্য, যা সময়ের শুরু থেকেই পরিকল্পিত ছিল, তা হলো স্বর্গ ও পৃথিবীর সমস্ত কিছুকে খ্রীষ্ট যীশুতে তাঁর শাসন ও রাজত্বের অধীনে একত্রিত করা। ঈশ্বর খ্রীষ্ট যীশুতে মহাবিশ্বে একতা এবং শান্তি ফিরিয়ে আনেন। খ্রীষ্টেতে, আমরা তাঁর সাথে এক হয়ে যাই।

ইফিষীয় 1:9-10 ...নিজেই তাঁর গোপন পরিকল্পনা আমাদের কাছে প্রকাশ করেছেন, আর এই ছিল ঈশ্বরের ইচ্ছা এবং তিনি তা খ্রীষ্টের মাধ্যমে সম্পন্ন করতে পরিকল্পনা করলেন। তাঁর নিরূপিত সময়ে ঈশ্বর এই পরিকল্পনা করেছিলেন যে স্বর্গ ও মর্ত্যের সব কিছুই খ্রীষ্টের সঙ্গে সংযুক্ত হবে; আর খ্রীষ্ট হবেন সবার মস্তক।^(ERV)

শিষ্য তৈরি করার জন্য

যীশু তাঁর শিষ্যদের কর্তৃত্ব প্রদান করলেন যাতে এই জীবনের মধ্যে দিয়ে যাত্রা করার সময়ে, তাঁর আত্মার শক্তিতে তারা যেন ‘শিষ্য তৈরি’ করতে পারে।

মথি 28:18-20 তখন যীশু কাছে এসে তাদের বললেন, “স্বর্গে ও পৃথিবীতে পূর্ণ ক্ষমতা ও কর্তৃত্ব আমাকে দেওয়া হয়েছে। তাই তোমরা যাও, তোমরা গিয়ে সকল জাতির মানুষকে আমার শিষ্য কর। পিতা, পুত্র ও পবিত্র আত্মার নামে বাপ্তিস্ম দাও। আমি তোমাদের যেসব আদেশ দিয়েছি, সেসব তাদের পালন করতে শেখাও আর দেখ যুগান্ত পর্যন্ত প্রতিদিন আমি সর্বদাই তোমাদের সঙ্গে সঙ্গে আছি।”^(ERV)

শিষ্যত্ব শুরু হয় ঈশ্বরকে এবং আপনার প্রতি তাঁর প্রেমকে জানার মধ্যে দিয়ে, তিনি কে, তিনি কী করেছেন এবং তিনি কী করবেন, তা জানার মাধ্যমে। তাঁর সাথে সময় অতিবাহিত করা, তাঁর উপস্থিতিতে বসে তাঁর বাক্য শোনা ও পাঠ করা, আরাধনা করা, প্রার্থনা করা এবং অন্যান্য বিশ্বাসীদের সাথে সহভাগীতা করা আমাদেরকে ঈশ্বরকে জানতে সাহায্য করে।

আমরা যখন এই শিষ্যত্বের কার্যক্রমের মধ্যে দিয়ে যাত্রা করি, আমি যীশুর নামে প্রার্থনা করি যে, তাঁর আত্মার দ্বারা, আপনি প্রভুর মহিমা এবং আপনার প্রতি তাঁর প্রেমকে আরও বৃহৎ ভাবে জানতে পারবেন, এবং ঈশ্বরের সম্পূর্ণ পরিপূর্ণতায় আপনি পূর্ণ হবেন, যাতে এই জগত তাঁকে জানতে পারে। আমেন।

অধিবেশন 1: অদৃশ্যকে দেখা

সৃষ্টিকর্তা ঈশ্বর হলেন ব্যক্তিগত। তাঁর বাক্য হল ব্যক্তিগত।
তাঁর উপস্থিতি অত্যন্ত আন্তরিক। তাঁর সৃষ্টি সাক্ষ্যময়।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা আমাদের কাছে ঈশ্বরের নিজেকে প্রকাশ করার ইচ্ছাকে ঘোষণা করে।

দলগত আলোচনা

ঈশ্বর নিজেকে কোন কোন বিভিন্ন উপায়ে আমাদের কাছে প্রকাশ করে থাকেন? আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

গীতসংহিতা 19:1-6, রোমীয় 1:20, হোশেয় 12:10 এবং আদিপুস্তক 31:11 পড়ুন

ঈশ্বর সৃষ্টির মধ্যে দিয়ে আমাদের কাছে নিজেকে প্রকাশ করেন। [এর মধ্যে রয়েছে প্রকৃতি, ঈশ্বরের ভাববাদীরা এবং ঈশ্বরের স্বর্গদূতরা]

দ্বিতীয় বিবরণ 4:35-39, আদিপুস্তক 15:1, 2 রাজাবলি 5:1, 2 রাজাবলি 5:14-15 এবং যোহন 9:1-7 পড়ুন

ঈশ্বর অলৌকিক কাজের মধ্যে দিয়ে আমাদের কাছে নিজেকে প্রকাশ করেন। [এর মধ্যে রয়েছে আশ্চর্য চিহ্ন কাজ, দর্শন এবং আরোগ্য]

লুক 24:27, যোহন 20:31 এবং গীতসংহিতা 33:6-9 পড়ুন

ঈশ্বর তাঁর বাক্যের মধ্যে নিয়ে আমাদের কাছে নিজেকে প্রকাশ করেন। [এর মধ্যে রয়েছে তাঁর লিখিত বাক্য এবং উচ্চারিত বাক্য]

যোহন 1:14-18, 14:6-7 এবং ইব্রীয় 1:1-4 পড়ুন

ঈশ্বর যীশুর মধ্যে দিয়ে আমাদের কাছে নিজেকে প্রকাশ করেন।

যোহন 16:13-15 এবং 1 যোহন 5:6 পড়ুন

ঈশ্বর তাঁর আত্মার মধ্যে দিয়ে আমাদের কাছে নিজেকে প্রকাশ করেন।

সাক্ষ্য দিন

প্রত্যেক ব্যক্তিদেবকে দুই বা তিন বাক্য বলতে বলুন যে কীভাবে ঈশ্বর নিজেকে তাদের কাছে প্রকাশ করেছেন।

ধন্যবাদ জ্ঞাপনের অন্তিম প্রার্থনা

কাউকে ঈশ্বরকে ধন্যবাদ দিতে বলুন যে তিনি নিজেকে আমাদের কাছে প্রকাশ করতে ইচ্ছা করেছেন।

অধিবেশন 2: তাঁকে জানতে হলে

সৃষ্টিকর্তা ঈশ্বর সময় ও স্থানের উর্ধ্বে থাকেন,
তবুও তিনি নিজেকে আমাদের সময় ও স্থানে ব্যক্তিগত করে তোলেন।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা ঈশ্বরের মহানতার ঘোষণা করে।

ভূমিকা

প্রথম অধিবেশনে আমরা সেই সমস্ত বিভিন্ন উপায় সম্পর্কে শিখেছি যার মাধ্যমে ঈশ্বর নিজেকে আমাদের কাছে প্রকাশ করে থাকেন। যখন আমরা বাইবেল পড়ি ও অধ্যয়ন করি—যা হল আমাদের জন্য ঈশ্বরের ব্যক্তিগত প্রেমপত্র—তখন আমরা তাঁর সম্পর্কে অনেক কিছু শিখি। এমনকি প্রথম শব্দগুলি, ‘আদিতো, ঈশ্বর... সৃষ্টি করলেন’ আমাদের কাছে প্রকাশ করে যে, সৃষ্টি যেমনই আর যখনই হয়েছিল, ঈশ্বর সেখানে উপস্থিত ছিলেন, এবং তিনি সৃষ্টি করেছিলেন। ঈশ্বরকে আরও জানতে আমরা বাইবেলে লিপিবদ্ধ ঈশ্বরের তিনটি দর্শন সম্পর্কে অধ্যয়ন করবো।

বাইবেল অধ্যয়ন – ঈশ্বরের দর্শনগুলি – যিহিষ্কেল

ঈশ্বর যার কাছে নিজেকে প্রকাশ করেন, তার প্রয়োজন অনুযায়ী তিনি নিজেকে প্রকাশ করেন। যিহিষ্কেলকে দেওয়া ঈশ্বরের দর্শন সম্পর্কে আমরা অধ্যয়ন করবো।

দর্শনের প্রেক্ষাপট

যিহিষ্কেল একজন ঈশ্বরের ভাববাদী এবং একজন যাজক ছিলেন। যিহিষ্কেলকে, ইস্রায়েলের প্রাচীন বারো গোষ্ঠীর মধ্যে দুটি গোষ্ঠীর সেই সকল মানুষদের সাথে, একটি বিদেশী দেশে বন্দি করে নিয়ে যাওয়া হয়েছিল (যিহিষ্কেল 1:1)। তারা তাদের নিজস্ব আরাধনার স্থান, যিরূশালেম শহর থেকে অনেক দূরে চলে গিয়েছিলেন। তারা বিদ্রোহী লোক ছিল যারা বিদেশী দেবতাদের আরাধনা করছিল। তাই ঈশ্বর একটি দর্শনের মাধ্যমে তাঁর ভাববাদী ও যাজক, যিহিষ্কেলের কাছে শব্দ দিয়ে তৈরি একটি চিত্র পাঠালেন (যিহিষ্কেল 1:3)।

যিহিষ্কেল 1:15-21 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পড়তে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশে যে পাঁচটি বিষয়ে লেখা আছে, সেইগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

পদ 15 জীবন্ত প্রাণী

পদ 16-17 চাকা – এক স্থান থেকে আরেক স্থানে যাচ্ছে।

পদ 18 চোখ

পদ 19 পৃথিবী – চাকাগুলি পৃথিবী থেকে উপরে উঠছে।

পদ 21 আত্মা

এই পাঠ্যাংশটির ভুল ব্যাখ্যা করা থেকে আমাদের বাঁচাতে, নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন:

এই পাঠ্যাংশে **কোন কোন** চরিত্রেরা রয়েছেন? **যিহিষ্কেল 1:1-3** পড়ুন

যিহিষ্কেল, ঈশ্বর, বন্দীরা (প্রাচীন ইস্রায়েলের দুটি গোষ্ঠীর লোকেরা), কলদীয়েরা।

এখানে **কে** কথা বলছেন?

‘আমি’ যিহিষ্কেল।

যিহিষ্কেল **কার সাথে** কথা বলছেন? **যিহিষ্কেল 1:28-2:5** পড়ুন

প্রাচীন ইস্রায়েলের দুটি গোষ্ঠীর লোকদের সাথে।

চরিত্রগুলি একে অপরের সাথে **কীভাবে** যোগাযোগ স্থাপন করছে?

ঈশ্বর নিজেকে একটি দর্শনের মধ্যে দিয়ে প্রকাশ করেন আর যিহিষ্কেলের সাথে কথা বলেন। যিহিষ্কেল মনোযোগ সহকারে দেখেন ও শোনেন।

এই নাটকীয় দৃশ্যটি **কোথায়** ঘটেছে?

নদীর ধারে, কলদীয়দের বিদেশী দেশে।

এই নাটকীয় দৃশ্যটি **কখন** ঘটে? যীশুর মাংসে মূর্তিমান হয়ে আসার, ত্রুশে মারা যাওয়ার, মৃত্যু থেকে বেঁচে ওঠার এবং স্বর্গারোহণ হওয়ার আগে অথবা পরে?

যখন ইস্রায়েলীয়দের কলদীয়দের দেশে বন্দী করে রাখা হয়েছিল। যীশুর মাংসে মূর্তিমান হয়ে জন্ম নেওয়ার আগে।

চলমান চাকাগুলি **কোন** বিষয়টিকে চিত্রিত করে?

পূর্ব দেশের পরম্পরা অনুযায়ী, একটি চাকা চলমান জীবনকে অথবা জীবনের চক্রকে বোঝায়, যেখানে সময়ের কোন শুরু অথবা শেষ নেই।

চলমান চাকাগুলি ঈশ্বরের বিষয়ে **কী** দেখায়?

ঈশ্বর সর্বত্র রয়েছেন। তিনি শুধুমাত্র যিরূশালেমের মন্দিরে, অথবা কোন একটি অঞ্চল বা দেশের মধ্যে সীমাবদ্ধ নন। তাঁর কোন শুরু বা শেষ নেই। ঈশ্বর শাস্ত...যিনি সমস্ত সময় ও স্থানের উর্ধ্বে।

চোখগুলি ঈশ্বরের সম্পর্কে **কী** দেখায়? **যিহিষ্কেল 8:12** পড়ুন

ঈশ্বর সবকিছু দেখেন, এমনকি তাদের বিদ্রোহ, তাদের দুর্বলতা, তাদের মাংসিক আকাঙ্ক্ষা, গোপনে করা তাদের অন্যান্য দেবতাদের আরাধনা। তবুও, ঈশ্বর তাঁর লোকেদেরকে এমন বন্দীদশা থেকে মুক্ত করতে চান।

কেন এই পাঠ্যাংশটি লেখা হয়েছে? **যিহিষ্কেল 11:16-25** পড়ুন

ঈশ্বর নিজেকে সমস্ত পৃথিবীর ঈশ্বর রূপে, সর্বজ্ঞানী, সর্বশক্তিমান ঈশ্বর রূপে প্রকাশ করে যিহিষ্কেলকে উৎসাহ প্রদান করলেন। এমনকি এক বিদেশী দেশে, ঈশ্বর যিহিষ্কেলের সাথে এবং তাঁর সমস্ত লোকেদের সাথে আছেন। তিনি তাঁর লোকেদেরকে তাদের মাংসিক আকাঙ্ক্ষা ও অন্যান্য দেবতাদের আরাধনা থেকে মুক্ত করতে চান।

এই পাঠ্যাংশে **কোন কোন** বিষয়গুলি আজও একই রয়েছে?

ঈশ্বর গতকাল, আজ এবং আগামী অনন্তকাল ধরে অপরিবর্তনীয়। তিনি সমস্ত স্থানের ঈশ্বর, যিনি সবকিছু জানেন ও দেখেন। তিনি তাঁর লোকেদেরকে তাদের মাংসিক বন্দিত্ব থেকে এবং অন্যান্য দেবতাদের আরাধনা করা থেকে মুক্ত করতে চান।

আজকের দিনে এটি আমাদের কাছে কী অর্থ বহন করে? দলগত ভাবে আলোচনা করুন।

যখন আমরা জানি যে ঈশ্বর সমস্ত স্থানের ঈশ্বর, যিনি সবকিছু জানেন ও দেখেন, তখন আমরা উপলব্ধি করতে পারি যে আমরা যেখানেই থাকি না কেন, আমাদের মধ্যে যাই দুর্বলতা থাকুক না কেন, আমাদের পরিস্থিতি যাই হোক না কেন, ঈশ্বর আমাদের সাথে আছেন। তিনি নিজেকে আমাদের কাছে প্রকাশ করতে চান, আমাদের মুক্ত করতে চান ও আমাদের জন্য চিন্তা করেন।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে কোন একটি বিষয় আপনি শিখেছেন?

ঈশ্বর সময় ও স্থানের ঊর্ধ্বে। তাঁর লোকেরা যেখানেই থাকুক না কেন এবং তারা নিজেদেরকে যেমনই পরিস্থিতিতে পাক না কেন, তিনি তাদের সাথে আছেন। ঈশ্বর নিজেকে প্রকাশ করেছেন যিহিঙ্কেল ও তাঁর লোকদের এই নিশ্চয়তা দেওয়ার জন্য যে এমনকি বিদেশী দেশেও তিনি তাদের সাথে আছেন।

ঈশ্বর পরিস্থিতি দ্বারা সীমাবদ্ধ নন। তিনি আমাদের সাথে থাকতে, আমাদের সাথে সম্পর্ক স্থাপন করতে, সর্বদা আমাদের উপর নজর রাখতে, আমাদের খুঁজে বের করতে সর্বদা আগ্রহী। যীশু সকলের জন্য মারা গিয়েছেন, হ্যাঁ, এমনই সেই সকল মানুষদের জন্যও যারা, তিনি জানেন যে, কখনই তাঁকে অনুসরণ করবে না। ওহ, কি অসাধারণ প্রেম!

আপনার ব্যক্তিগত, ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা কী?

ধন্যবাদ জ্ঞাপনের অন্তিম প্রার্থনা

কাউকে ঈশ্বরকে ধন্যবাদ দিতে বলুন যে তিনি নিজেকে আমাদের কাছে প্রকাশ করতে ইচ্ছা করেছেন।

অধিবেশন 3: তাঁকে ব্যক্তিগত করে তোলা

ঈশ্বর সম্পর্কমূলক। তাঁর যোগাযোগস্থাপন ব্যক্তিগত।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা ঘোষণা করে যে ঈশ্বর আমাদের কাছে নিজেকে প্রকাশ করার ইচ্ছা করেন, আমাদের প্রয়োজন অনুযায়ী আমাদের কাছে নেমে আসেন।

বাইবেল অধ্যয়ন – ঈশ্বরের দর্শনগুলি – যাকোব

যেমন আমরা শিখলাম যে ঈশ্বর নিজেকে বিভিন্ন ভাবে প্রকাশ করেছেন। ঈশ্বর যার কাছে নিজেকে প্রকাশ করেন, তার প্রয়োজন অনুযায়ী তিনি নিজেকে প্রকাশ করেন। যাকোবকে দেওয়া ঈশ্বরের দর্শন সম্পর্কে আমরা অধ্যয়ন করবো।

দর্শনের প্রেক্ষাপট

যাকোব, যিনি হলেন প্রাচীন ইস্রায়েলের বারো গোষ্ঠীর পিতা, ইসহাক ও রিবিকার ছেলে ছিলেন। ইসহাক অব্রাহাম ও সারার ছেলে ছিলেন। উভয় অব্রাহাম ও ইসহাক ঈশ্বরের কাছ থেকে ব্যক্তিগত প্রতিজ্ঞা লাভ করেছিলেন। যাকোব তাঁর বড় ভাইকে ঠকিয়েছিলেন এবং প্রথম সন্তানের আশীর্বাদ কেড়ে নিয়েছিলেন। এর পরিণামে যাকোবের মা, রিবিকা যাকোবকে তাঁর বড় ভাইয়ের ক্রোধ থেকে বাঁচতে পালিয়ে যেতে বললেন। একই সময়ে, তাঁর বাবা ইসহাক তাঁকে তাঁর মায়ের বাবার গোষ্ঠীর কাছে পাঠিয়ে দিলেন। তাঁর এই যাত্রাপথে, যাকোব ঈশ্বরের সাথে সাক্ষাৎ করেন।

আদিপুস্তক 28:10-22 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশটি থেকে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

এই পাঠ্যংশটির ভুল ব্যাখ্যা করা থেকে আমাদের বাঁচাতে, নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন:

এই পাঠ্যংশে কোন কোন চরিত্রেরা রয়েছেন?

ঈশ্বর, যাকোব এবং ঈশ্বরের স্বর্গদূত।

এখানে কে কথা বলছেন?

ঈশ্বর।

ঈশ্বর কার সাথে কথা বলছেন?

যাকোবের সাথে।

চরিত্রগুলি একে অপরের সাথে কীভাবে যোগাযোগ স্থাপন করছে?

ঈশ্বর নিজেকে একটি দর্শনের মধ্যে দিয়ে প্রকাশ করেন এবং তারপর যাকোবের সাথে কথা বলেন। যাকোব দেখতে থাকেন ও শোনেন।

ঈশ্বর কীভাবে নিজেকে যাকোবের কাছে প্রকাশ করেছেন? পদ 13 পড়ুন

‘আমিই প্রভু, তোমার পিতামহ অব্রাহামের ঈশ্বর। আমি ইসহাকের ঈশ্বর।’^(ERV)

ঈশ্বর যেভাবে নিজের পরিচয় দিয়েছেন সেই বিষয়ে যাকোবের সাথে তাঁর সম্পর্কে সম্বন্ধে কী বলে?

যাকোবের ঈশ্বরের সাথে ব্যক্তিগত সম্পর্ক ছিল না। যাকোব তাঁর পিতার ঈশ্বরকে জানতেন, কিন্তু নিজে থেকে ঈশ্বরকে অনুভব করেননি।

পদ 15 পদে ঈশ্বর যাকোবকে কী প্রতিশ্রুতি দিয়েছেন?

ঈশ্বর যাকোবকে প্রতিশ্রুতি দিলেন যে তিনি যাকোবের সাথে থাকবেন, যাকোব যেখানেই যাবেন, সেখানেই তিনি তাঁকে সুরক্ষিত রাখবেন, এবং যাকোবকে তাঁর দেশে ফিরিয়ে আনবেন; ঈশ্বর তাঁকে ছাড়বেন না।

এই নাটকীয় দৃশ্যটি কোথায় ঘটেছে? পদ 19 পড়ুন

লুজ নামক একটি শহরে, যার নাম এখন যাকোব বৈথেল রেখেছেন।

সিঁড়ি কোথায় স্থাপিত ছিল এবং সেটি কোথায় পৌঁছেছিল? পদ 12 পড়ুন

সিঁড়িটি পৃথিবীতে স্থাপিত ছিল এবং সেটি স্বর্গ পর্যন্ত উঠেছিল।

এই সিঁড়িটি কোন বিষয়টিকে চিত্রিত করে?

সিঁড়িটি লোকদের সাথে ঈশ্বরের সম্পর্ককে চিহ্নিত করে। ঈশ্বর স্বর্গ থেকে পৃথিবীতে নেমে এসেছেন, নিজেকে আমাদের কাছে প্রকাশ করেছেন। ঈশ্বর যাকোবকে একটি ব্যক্তিগত অভিজ্ঞতা প্রদান করলেন, পৃথিবী থেকে যেখানে যাকোব বাস করছিলেন, স্বর্গের দিকে তাকিয়ে থাকার একটি দর্শন দেখালেন, যেখানে ঈশ্বর বাস করেন।

এই নাটকীয় দৃশ্যটি কখন ঘটে? যীশুর মাংসে মূর্তিমান হয়ে আসার, ত্রুশে মারা যাওয়ার, মৃত্যু থেকে বেঁচে ওঠার এবং স্বর্গারোহণ হওয়ার আগে অথবা পরে?

যীশুর মাংসে মূর্তিমান হয়ে এই পৃথিবীতে আসার আগে।

কেন এই পাঠ্যাংশটি লেখা হয়েছে?

ইস্রায়েল জাতির প্রকৃত কাহিনী এবং ঈশ্বরের সাথে তাদের সম্পর্কের মধ্যে দিয়ে, আমরা ঈশ্বরের সম্পর্কে অনেক কিছু শিখি। ঈশ্বর যাকোবকে তাঁর নিজের একটা ব্যক্তিগত অভিজ্ঞতা দিলেন। ঈশ্বরকে শুধুমাত্র তাঁর পিতার বা পিতামহের ঈশ্বর হিসেবে জানা যথেষ্ট ছিল না। এখন যাকোব ব্যক্তিগত ভাবে ঈশ্বরকে জানেন এবং এর পরিণামে ঈশ্বরের কাছ থেকে একটি ব্যক্তিগত প্রতিশ্রুতি লাভ করেছিলেন।

এই পাঠ্যাংশে কোন কোন বিষয়গুলি আজও একই রয়েছে?

ঈশ্বর গতকাল, আজ এবং আগামী অনন্তকাল ধরে অপরিবর্তনীয়। ঈশ্বর আমাদের প্রয়োজন অনুযায়ী নিজেকে ব্যক্তিগত ভাবে প্রকাশ করে থাকেন। প্রত্যেক ব্যক্তিকে বেছে নিতে হবে যে সে কার আরাধনা করবে।

আজকের দিনে এটি আমাদের কাছে কী অর্থ বহন করে?

যাকোব এই দর্শন দেখেছিলেন যে ঈশ্বর স্বর্গ থেকে পৃথিবীতে নেমে এসেছেন। ঈশ্বর মানব রূপে এই পৃথিবীতে এসেছিলেন। মনুষ্যপুত্র, ঈশ্বরের পুত্র, যীশু খ্রীষ্ট (অভিষিক্ত জন)।

যোহন 1:51 পদে যীশু তাঁর শিষ্যদের সম্বন্ধে বলেন যে তারা স্বর্গকে খুলে যেতে দেখবে এবং মনুষ্যপুত্রকে (তাকে) উপরে উঠতে ও নিচে নামতে দেখবে। যীশু খ্রীষ্টের জন্ম, মৃত্যু, পুনরুত্থান ও স্বর্গারোহণের মাধ্যমে স্বর্গ খুলে গিয়েছে। বর্তমানে যীশু খ্রীষ্টের মাধ্যমে, তাঁর আত্মা দ্বারা, আমরা ব্যক্তিগত ভাবে ঈশ্বরকে জানতে পারি। ঈশ্বরের কাছে আমাদের সরাসরি প্রবেশাধিকার আছে। আমাদের পরিস্থিতি যাই হোক না কেন ঈশ্বর অপেক্ষা করছেন।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে কোন একটি বিষয় আপনি শিখেছেন?

ঈশ্বর মানুষের কাছে তাদের প্রয়োজন অনুযায়ী নিজেকে প্রকাশ করেন। যাকোবের প্রয়োজন ছিল ব্যক্তিগত ভাবে ঈশ্বরের অভিজ্ঞতাকে লাভ করা। আমাদের পিতৃপুরুষদের ঈশ্বরকে জানাটা যথেষ্ট নয়। এমনকি যখন যাকোব ভুল করেছিলেন, তাঁর সবচেয়ে একাকী সময়েও, ঈশ্বর তাঁর কাছে নিজেকে প্রকাশ করতে ও তাঁকে আশীর্বাদ করতে চেয়েছিলেন। ঈশ্বর হলেন একজন সম্পর্কমূলক ঈশ্বর। তিনি একজন ব্যক্তিগত প্রেমিক ঈশ্বর, যিনি আমাদেরকে আশীর্বাদ করতে প্রস্তুত, সর্বদা বিশ্বস্ত এবং তাঁর সকল প্রতিজ্ঞাকে তিনি পূর্ণ করবেন।

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা কী?

ধন্যবাদ জ্ঞাপনের অন্তিম প্রার্থনা

কাউকে ঈশ্বরকে ধন্যবাদ দিতে বলুন যে তিনি নিজেকে আমাদের কাছে প্রকাশ করতে ইচ্ছা করেছেন।

অধিবেশন 4: এখনই সময়

তাকে দেখুন যার চোখ আগুনের মত! যারা তাঁকে গ্রহণ করবে তারা প্রেম, জ্যোতি, জীবন পাবে।
যারা তাঁকে প্রত্যাখ্যান করবে, তারা নরকের শাস্তি, অন্ধকার ও মৃত্যু দেখতে পাবে।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা ঘোষণা করে যে যীশুই হলেন স্বর্গে যাওয়ার পথ।

বাইবেল অধ্যয়ন – ঈশ্বরের দর্শনগুলি – যোহন

যেমন আমরা শিখলাম যে ঈশ্বর নিজেকে বিভিন্ন ভাবে প্রকাশ করেছেন। ঈশ্বর যার কাছে নিজেকে প্রকাশ করেন, তার প্রয়োজন অনুযায়ী তিনি নিজেকে প্রকাশ করেন। যোহনকে দেওয়া ঈশ্বরের দর্শন সম্পর্কে আমরা অধ্যয়ন করবো।

দর্শনের প্রেক্ষাপট

যোহনকে তাঁর বিশ্বাসের জন্য নির্বাসিত করা হয়েছিল। মণ্ডলী তাড়নার মধ্যে দিয়ে যাচ্ছিল। সবচেয়ে নির্মম ও শক্তিশালী মানব সাম্রাজ্য সেই সময়ে ক্ষমতায় ছিল...রোমীয়রা। তাড়িত ও একাকীত্ব অবস্থায়, যোহন সম্পূর্ণ মহিমা, প্রেম ও শক্তিতে ঈশ্বরের একটি দর্শন দেখেছিলেন। ঈশ্বর ছিলেন, আছেন এবং আসবেন এবং তাঁর ক্ষমতা সমস্ত যুগে সকল দুষ্ট ও মানব সাম্রাজ্যের যৌথ ক্ষমতার চেয়েও অনেক মহান। যোহন এবং প্রত্যেক বিশ্বাসীরা সুনিশ্চিত হতে পারে যে মন্দের অবসান অবশ্যই ঘটবে। যীশু শয়তানকে পরাজিত করেছেন। দিয়াবল কিছুটা ধার করা সময়ের উপর টিকে রয়েছে। ঈশ্বর সেই সকল মানুষদের জন্য অপেক্ষা করছেন যারা মন্দের ধ্বংসের আগে তাঁর কাছে আসবে।

আসুন, যীশুর প্রকাশের এবং যা বিষয়গুলি ঘটবে, তার একটি সামান্য অংশ আমরা লক্ষ্য করি।

প্রকাশিত বাক্য 4:1-11 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

এই বাইবেলের অংশে যা কিছু তালিকাভুক্ত করা আছে, তা এক-এক পদ ধরে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

পদ 1 স্বর্গে একটি খোলা দরজা

পদ 2 স্বর্গে একটি সিংহাসন, আর সেই সিংহাসনের উপর কেউ বসে আছেন।

পদ 3 সিংহাসনের চারিপাশে একটি মেঘধনু।

পদ 4 সিংহাসনের চারিপাশে আরও চব্বিশটি সিংহাসন রয়েছে, যার উপর চব্বিশ জন প্রাচীন বসে রয়েছেন।

পদ 5 সিংহাসন থেকে বজ্র, বিদ্যুৎ এবং কণ্ঠস্বর শোনা যাচ্ছে। সাতটি প্রদীপ = ঈশ্বরের সাতটি আত্মা।

পদ 6 কাঁচের সমুদ্র। চারটি প্রাণী যার সর্বত্র চোখ রয়েছে।

পদ 7 প্রথম প্রাণীটি একটি সিংহের মত। দ্বিতীয় প্রাণীটি একটি বাছুরের মত। তৃতীয় প্রাণীটি একটি মানুষের মুখের মত। চতুর্থ প্রাণীটি একটি উড়ন্ত ঈগল পাখীর মত।

চারটি প্রাণী দিব্যরাত্রি কী বলছে? পদ ৪ পড়ুন।

“পবিত্র, পবিত্র, পবিত্র প্রভু ঈশ্বর সর্বশক্তিমান, যিনি ছিলেন, যিনি আছেন ও যিনি আসছেন।”(ERV)

যিনি সিংহাসনে বসে আছেন, তাঁকে যখন চারটি প্রাণী আরাধনা করছে, তখন চব্বিশজন প্রাচীন কী করছেন?

পদ 9-10 পড়ুন

যিনি সিংহাসনে বসে আছেন, তাঁর সামনে পরে তাঁর আরাধনা করছে।

যিনি সিংহাসনে বসে আছেন, তাঁর আরাধনা করতে-করতে চব্বিশ জন প্রাচীন কী বলছেন? পদ 11 পড়ুন

“আমাদের প্রভু ও ঈশ্বর! তুমি মহিমা, সম্মান ও পরাক্রম পাবার যোগ্য, কারণ তুমি সমস্ত কিছু সৃষ্টি করেছ। তোমার ইচ্ছাতেই সব কিছু সৃষ্টি হয়েছে ও সব কিছুর অস্তিত্ব আছে।”(ERV)

সেই দরজাটি যা স্বর্গের জন্য খোলা: যোহন যে দরজাটি দেখেছেন সেটা যীশুর রক্ত ও মাংসের সিদ্ধ বলিদান। যখন আমরা যীশুর আত্ম-বলিদান গ্রহণ করেছি, তখন আমরা ঈশ্বরের আত্মাকেও আমাদের মধ্যে পেয়েছি, তাঁর উপস্থিতি আমাদের উপর এবং আমাদের চারিপাশে রয়েছে।

যীশু, ঈশ্বর যিনি রক্ত ও মাংসে নিজেকে প্রকাশ করলেন, আমাদের একজনেরই মতন, তাঁর জীবনকে বলিদান করলেন, উচ্চ স্থানে উঠলেন, এবং এখন ঈশ্বর পিতার ডান দিকে বসে রয়েছেন, এই সমস্ত কিছু করলেন যাতে তাঁর আত্মার মাধ্যমে, ঈশ্বরের সিংহাসনের কাছে যাওয়ার আমরা প্রবেশাধিকার পেতে পারি।

আমাদের এই সময়ে, দুইটা দ্বারা ক্ষতিগ্রস্ত এই পৃথিবীতে, আত্মায় ঈশ্বরের সিংহাসনের কাছে যাওয়ার প্রবেশাধিকার আমাদের কাছে রয়েছে, অনবরত সাক্ষাৎ করতে, সহভাগীতা করতে, পরামর্শ নিতে, সম্পর্ক স্থাপন করতে, প্রেম করতে এবং প্রকাশ পেতে।

ভবিষ্যতে, আমাদের প্রত্যাশা রয়েছে যে আমাদের কাছে ঈশ্বরের সিংহাসনের কাছে যাওয়ার প্রবেশাধিকার থাকবে, এবং আমরা আমাদের পুনরুত্থিত নিখুঁত দেহে তাঁকে সম্মুখাসম্মুখিন দেখবো। সেখানে কোন কান্না থাকবে না, কোন যন্ত্রণা থাকবে না, কেউ বৃদ্ধ হবে না, কারোর রোগ-ব্যধি হবে না। সময়ের পূর্ণতায় সবকিছু নিখুঁত অবস্থায় থাকবে।

এই পাঠ্যংশটির ভুল ব্যাখ্যা করা থেকে আমাদের বাঁচাতে, নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন:

এই পাঠ্যংশে কোন কোন চরিত্রেরা রয়েছেন?

যোহন, কণ্ঠস্বর, ঈশ্বর (যিনি সিংহাসনে বসে রয়েছেন), চারটি জীবন্ত প্রাণী, চব্বিশ জন প্রাচীন, ঈশ্বরের সাতটি আত্মা।

কে কথা বলছেন?

লেখক যোহন, কণ্ঠস্বর (পদ 1), চারটি জীবন্ত প্রাণী (পদ ৪) এবং চব্বিশজন প্রাচীন (পদ 11)।

যোহন কার সাথে কথা বলছেন? প্রকাশিত বাক্য 1:4 পড়ুন

যোহন সেই সময়ের এবং সকল প্রজন্মের বিশ্বাসীদের সাথে কথা বলছেন।

কণ্ঠস্বর কার সাথে কথা বলছেন? প্রকাশিত বাক্য 4:1 পড়ুন

এই কণ্ঠস্বর যোহনের সাথে কথা বলছেন।

চারটি প্রাণী কার সাথে কথা বলছে? প্রকাশিত বাক্য 4:৪ পড়ুন

চারটি জীবন্ত প্রাণী সেই ব্যক্তির প্রশংসা করছে যিনি সিংহাসনে বসে রয়েছেন (ঈশ্বর)।

চব্বিশ জন প্রাচীন কার সাথে কথা বলছেন? প্রকাশিত বাক্য 4:11 পড়ুন

চব্বিশ জন প্রাচীন সেই ব্যক্তির প্রশংসা করছেন যিনি সিংহাসনে বসে রয়েছেন (ঈশ্বর)।

চরিত্রগুলি একে অপরের সাথে কীভাবে যোগাযোগ স্থাপন করছে?

যোহন তাঁর আত্মায় স্বর্গে প্রবেশ করেন, সেই কণ্ঠস্বরের কথা শোনে ও লক্ষ্য করেন, চারটি প্রাণী ও চব্বিশ জন প্রাচীন সেই ব্যক্তির আরাধনা করেন যিনি সিংহাসনে বসে রয়েছেন (ঈশ্বর)।

এই নাটকীয় দৃশ্যটি কোথায় ঘটেছে? প্রকাশিত বাক্য 1:9 এবং প্রকাশিত বাক্য 4:1 পড়ুন

পাটম নামক একটি দ্বীপ এবং স্বর্গ।

এই নাটকীয় দৃশ্যটি কখন ঘটে? যীশুর মাংসে মূর্তিমান হয়ে আসার, ত্রুশে মারা যাওয়ার, মৃত্যু থেকে বেঁচে ওঠার এবং স্বর্গারোহণ হওয়ার আগে অথবা পরে? প্রকাশিত বাক্য 1:17-18 পড়ুন

যীশু রক্ত ও মাংসে এই পৃথিবীতে আসা, ত্রুশের উপর মারা যাওয়া, মৃত্যু থেকে পুনরুত্থিত হওয়া এবং স্বর্গে নিত হওয়ার পর।

কেন এই পাঠ্যাংশটি লেখা হয়েছে?

একমাত্র প্রকৃত ঈশ্বরকে প্রকাশ করতে – সর্বশক্তিমান, শাস্ত, সর্বজ্ঞানী, পবিত্র – যিনি শাসন ও রাজত্ব করেন, সকল কিছু সৃষ্টি করেছেন, তিনি বিশ্বস্ত ও সকল প্রশংসা ও আরাধনার যোগ্য। সকল যুগের সমস্ত বিশ্বাসীদের উৎসাহিত করতে যে যীশুর দ্বারা (খোলা দরজা) আমাদের কাছে স্বর্গের প্রবেশাধিকার রয়েছে, সেই ব্যক্তির কাছে যেকোনো সময়ে, যেকোনো পরিস্থিতিতে অগ্রসর হওয়ার যিনি সিংহাসনের উপর বসে রয়েছেন।

এই পাঠ্যাংশে কোন কোন বিষয়গুলি আজও একই রয়েছে?

ঈশ্বর সর্বশক্তিমান, শাস্ত, সর্বজ্ঞানী, পবিত্র – যিনি শাসন ও রাজত্ব করেন, সকল কিছু সৃষ্টি করেছেন, তিনি বিশ্বস্ত ও সমস্ত প্রশংসা ও আরাধনা পাওয়ার যোগ্য।

আজকের দিনে এটি আমাদের কাছে কী অর্থ বহন করে?

যখন আমরা যীশুর রক্ত ও মাংসের আত্ম-বলিদান গ্রহণ করি, তখন আত্মিক ভাবে তাঁর উপস্থিতিতে আসতে পারি, সাহসপূর্বক তাঁর সিংহাসনের সামনে যেকোনো সময়ে আসতে পারি। এমনকি সংগ্রামের সময়ে, একাকীত্বের সময়ে এবং তাড়নার সময়েও ঈশ্বর সর্বশ্রেষ্ঠ এবং আমাদের জন্য যেকোনো সময়ে তিনি নিজেকে উপলব্ধ করেন।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে কোন একটি বিষয় আপনি শিখেছেন?

ঈশ্বর সর্বশক্তিমান, শাস্ত, সর্বজ্ঞানী, পবিত্র – যিনি শাসন ও রাজত্ব করেন, সকল কিছু সৃষ্টি করেছেন, তিনি বিশ্বস্ত ও সমস্ত প্রশংসা ও আরাধনা পাওয়ার যোগ্য। রূপক ভাবে, যীশুই হলেন স্বর্গের পথ, সেই খোলা দরজা।

সাক্ষ্য দিন

প্রত্যেক ব্যক্তিদেবকে দুই বা তিন বাক্যে বলতে বলুন যে ঈশ্বরের দর্শনগুলি অধিবেশন থেকে ঈশ্বর তাদের সাথে কী কী কথা বলেছেন।

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা কী?

অধিবেশন 5: কারণ ঈশ্বর এত প্রেম করেন

জ্ঞান হল শক্তি। তাঁর প্রেমের শক্তিকে জানা।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা ঈশ্বরের প্রেমকে ঘোষণা করে।

বাইবেল অধ্যয়ন – ঈশ্বরের প্রেম

যেমন আমরা শিখলাম যে সৃষ্টিকর্তা ঈশ্বর যিনি ছিলেন, এখনও আছেন এবং ভবিষ্যতেও থাকবেন, তিনি একজন ব্যক্তিগত ঈশ্বর। ঈশ্বর সমস্তকিছু প্রেমের মাধ্যমে করেন কারণ ঈশ্বর এত প্রেম করেন। ঈশ্বরের প্রেম হল এমন এক প্রেম যা আমাদের বোধগম্যের বাইরে। ঈশ্বরের কাহিনী থেকে আমরা তাঁর প্রেমের কয়েকটি দিক সম্পর্কে অধ্যয়ন করবো, তাঁর প্রকৃত প্রেমের গল্প, বাইবেল থেকে।

1 করিন্থীয় 13:1-8 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের অংশে ঈশ্বরের প্রেমের কোন দিকগুলিকে উল্লেখ করা হয়েছে, তা এক-এক পদ করে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

পদ 4 ধৈর্যশীল (বিনা ত্রোদে অনেকক্ষণ অপেক্ষা করতে পারেন), দয়ালু, ঈর্ষা করেন না, গর্ব করেন না।

পদ 5 খারাপ আচরণ করেন না, নিজের স্বার্থ চেষ্টা করেন না, রেগে জান না এবং মন্দ চিন্তাভাবনা করেন না।

পদ 6 মন্দের বিষয়ে আনন্দ করে না, কিন্তু সত্যে আনন্দ করেন।

পদ 7 লোকেদের উপর হাল ছেড়ে দেয় না, ভরসা করা বন্ধ করে না, কখন আশা হারায় না, এবং কখনও হার মানে না।

পদ 8 প্রেম ব্যর্থ হয় না, এবং কখনও শেষ হয় না।

এই প্রেমের উৎস কে? 1 যোহন 4:7-10 পড়ুন

দলগত আলোচনা

বাইবেলের এই অংশে ঈশ্বরের প্রেম কীভাবে আমাদের কাছে প্রকাশ পেয়েছে তা নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

ঈশ্বর আমাদের এত প্রেম করেন যে তাঁর একমাত্র পুত্রকে আমাদের জন্য রক্ত ও মাংসে বলিদান হতে, আমাদের শাস্তি নিজের উপর নিতে পাঠিয়েছেন, যাতে আমরা তাঁর দ্বারা জীবিত থাকি।

এই পাঠ্যংশটির ভুল ব্যাখ্যা করা থেকে আমাদের বাঁচাতে, নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন:

এই পাঠ্যংশে কোন চরিত্ররা রয়েছেন? 1 যোহন 4:7-10

লেখক যোহন, প্রিয় বিশ্বাসীরা, যীশু (ঈশ্বরের পুত্র) এবং ঈশ্বর।

এখানে কে কথা বলছেন?

লেখক যোহন।

তিনি কার সাথে কথা বলছেন?

যোহন সেই সময়ের এবং সমস্ত প্রজন্মের বিশ্বাসীদের সাথে কথা বলছেন।

চরিত্রগুলি একে অপরের সাথে **কীভাবে** যোগাযোগ স্থাপন করছে?

যোহন বিশ্বাসীদের উদ্দেশ্যে একটি চিঠি লেখেন।

এই নাটকীয় দৃশ্যটি **কখন** ঘটে? যীশুর মাংসে মূর্তিমান হয়ে আসার, ত্রুশে মারা যাওয়ার, মৃত্যু থেকে বেঁচে ওঠার এবং স্বর্গারোহণ হওয়ার আগে অথবা পরে?

যীশু রক্ত ও মাংসে এই পৃথিবীতে আসার পর, ত্রুশে মারা যাওয়ার পর, মৃত্যু থেকে পুনরুত্থিত হওয়ার পর এবং স্বর্গারোহণ হওয়ার পর।

কেন এই পাঠ্যংশটি লেখা হয়েছে? **1 যোহন 1:1-4** পড়ুন

লেখক যখন একজন প্রত্যক্ষদর্শী ছিলেন যখন যীশু রক্ত ও মাংসে এই পৃথিবীতে এসেছিলেন, ত্রুশের উপর মারা গিয়েছিলেন, মৃত্যু থেকে পুনরুত্থিত হয়েছিলেন এবং স্বর্গে উঠে গিয়েছিলেন। যাতে বিশ্বাসীদের আনন্দ পূর্ণ হতে পারে, যোহন এই কথাটি লেখেন ও সাক্ষ্য দেন যে, যীশুর বলিদান করা রক্তকে বিশ্বাস ও গ্রহণ করার মাধ্যমে, তাদের পাপ ক্ষমা হয় এবং তাদেরকে ধৌত করা হয়।

এই পাঠ্যংশে **কোন কোন** বিষয়গুলি আজও একই রয়েছে?

ঈশ্বর, তাঁর অন্তহীন প্রেম, তাঁর অনন্তকালীন বলিদান এবং অতীত, বর্তমান ও ভবিষ্যতের সকল পাপ ক্ষমা করে দিয়েছেন, যা আমরা ঈশ্বরের ও একে অপরের বিরুদ্ধে বলেছি, ভেবেছি এবং করেছি।

আজকের দিনে এটি আমাদের কাছে **কী** অর্থ বহন করে?

যখন আমরা যীশুর রক্ত ও মাংসের আত্ম-বলিদানকে গ্রহণ করি, তখন আমরা আত্মিক ভাবে শুচি হই এবং অতীত, বর্তমান ও ভবিষ্যতের সমস্ত মন্দ কাজের জন্য, যা আমরা ঈশ্বরের ও একে অপরের বিরুদ্ধে ভেবেছি, বলেছি ও করেছি, আমরা ক্ষমা লাভ করি।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে **কোন** একটি বিষয় আপনি শিখেছেন?

ঈশ্বর হলেন প্রেম, সিদ্ধ প্রেম।

সাক্ষ্য দিন

প্রত্যেক ব্যক্তিদেরকে দুই বা তিন বাক্যে বলতে বলুন যে তাদের প্রতি ঈশ্বরের প্রেম কখনই শেষ হবে না, এটা জানতে পাড়া তাদের কাছে **কী** অর্থ বহন করে?

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা **কী**?

অধিবেশন 6: পিতার প্রেম

পিতা এতেই সম্ভূষ্ট যে ঈশ্বরের পূর্ণতা যীশুর মধ্যে বাস করে,
এবং তাঁর দ্বারাই, সকল কিছুকে তাঁর সাথে পুনর্মিলিত করেছেন।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা ঈশ্বরের প্রেমকে ঘোষণা করে।

বাইবেল অধ্যয়ন

ঈশ্বর যিনি ছিলেন, আছেন এবং আসবেন, তাঁর নিজের সাথে একটি সিদ্ধ সম্পর্কে রয়েছেন। পিতা, পুত্র এবং পবিত্র আত্মা, সম্পূর্ণ ভাবে এক, একের মধ্যে তিন ব্যক্তি। এক ঈশ্বর। ঈশ্বরের কাহিনী থেকে, তাঁর প্রকৃত প্রেম কাহিনী, অর্থাৎ বাইবেল থেকে পিতার প্রেম সম্পর্কে অধ্যয়ন করবো। পিতার প্রেম এতটাই মহান যে তিনি সবকিছু তাঁর পুত্রকে দান করেছেন।

কলসীয় 1:19-20 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশ থেকে পিতার প্রেম সম্পর্কে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

পিতা অত্যন্ত সম্ভূষ্ট যে ঈশ্বরের সমস্ত পূর্ণতা যীশুতে আমাদের কাছে প্রকাশিত হয়েছে। যীশুর রক্ত ও মাংসের বলিদানের দ্বারা, সমস্ত সৃষ্টি ঈশ্বরের সাথে পুনর্মিলিত, এবং শান্তি পুনর্স্থাপিত হয়েছে। যীশুকে ছাড়া সিদ্ধ শান্তি কোথাও নেই।

এই পাঠ্যাংশে কোন কোন বিষয়গুলি আজও একই রয়েছে?

ঈশ্বর – তাঁর প্রেম, তাঁর পূর্ণতা যীশুর রক্ত ও মাংসে প্রকাশ পেয়েছে। যীশুকে ছাড়া কোন শান্তি নেই।

আজকের দিনে এটি আমাদের কাছে কী অর্থ বহন করে? কলসীয় 1:21-22 পড়ুন

যখন আমরা যীশুর রক্ত ও মাংসের বলিদানকে গ্রহণ করি তখন আমরা আর ঈশ্বরের বিরুদ্ধে থাকি না। এখন আমরা ঈশ্বরের সাথে সমন্বয়ে আছি, আমরা যেমন তেমনই তিনি আমাদের গ্রহণ করেছেন, এবং ঈশ্বরের সাথে সম্পর্কে রয়েছি, ঈশ্বরের কাছে আমাদেরকে পবিত্র ও নির্দোষ হিসেবে উপস্থাপন করা হয়েছে। ঈশ্বরের দৃষ্টিতে আমরা আর দোষী নই।

যোহন 3:16-17 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশ থেকে পিতার প্রেম সম্পর্কে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

পিতার প্রেম অনেক মহান। তিনি আমাদেরকে যীশুতে সমস্ত কিছু দিয়েছেন, যিনি রক্ত ও মাংসে এই পৃথিবীতে এলেন, ত্রুশের উপর মারা গেলেন, মৃত্যু থেকে পুনরুত্থিত হলেন এবং স্বর্গে উঠলেন। ঈশ্বর এই জগতকে উদ্ধার করতে নিজেকে দিয়ে দিলেন, ঈশ্বর ও লোকেদের বিরুদ্ধে আমরা যা কিছু মন্দ কথা বলেছি, ভেবেছি অথবা মন্দ কাজ করেছি, সেই সমস্ত কিছুর জন্য তিনি অনন্তকালীন রক্ত ও মাংসে বলিদান হলেন।

এই পাঠ্যাংশে **কোন কোন** বিষয়গুলি আজও একই রয়েছে?

ঈশ্বর এবং তাঁর প্রেম। দুঃস্থতা।

আজকের দিনে এটি আমাদের কাছে **কী** অর্থ বহন করে? **যোহন 3:18** পড়ুন

আমরা চিরকালের জন্য বিচার ও শাস্তি থেকে রক্ষা পেয়েছি। আমরা আর দোষী নই। আমাদের কাছে অনন্ত জীবন রয়েছে।

যোহন 3:35 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশ থেকে পিতার প্রেম সম্পর্কে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

পিতার প্রেম এতটাই মহান যে তিনি সমস্ত কিছু তাঁর পুত্র, যীশুকে দিয়েছেন।

এই পাঠ্যাংশে **কোন কোন** বিষয়গুলি আজও একই রয়েছে?

ঈশ্বর, তাঁর প্রেম ও তাঁর দানশীল চরিত্র।

আজকের দিনে এটি আমাদের কাছে **কী** অর্থ বহন করে? **যোহন 3:36** পড়ুন

যে কেউ পুত্র ঈশ্বর, অর্থাৎ যীশুকে বিশ্বাস করে, সে অনন্ত জীবন পেয়েছে।

1 যোহন 3:1 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশ থেকে পিতার প্রেম সম্পর্কে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

ঈশ্বর আমাদের এতটাই প্রেম করেন যে যীশুতে আমাদেরকে সমস্ত কিছু দিয়েছেন। আমরা তাঁর সন্তান। তিনি আমাদের পিতা যিনি আমাদের ততটাই প্রেম করেন যতটা তিনি যীশুকে প্রেম করেন।

এই পাঠ্যাংশে **কোন কোন** বিষয়গুলি আজও একই রয়েছে?

ঈশ্বর, তাঁর প্রেম এবং যতজন যীশুর রক্ত ও মাংসের বলিদানকে বিশ্বাস করেছে ও গ্রহণ করেছে, তারা ঈশ্বরের সন্তান হয়েছে।

আজকের দিনে এটি আমাদের কাছে **কী** অর্থ বহন করে?

আমরা ঈশ্বরের সন্তান, আমরা যেমন তেমনই তিনি আমাদের গ্রহণ করেছেন, তাঁর পরিবারে দত্তক নিয়েছেন, সর্বদা তাঁর প্রেম আমরা লাভ করতে থাকবো।

কলসীয় 1:12-14 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশ থেকে পিতার প্রেম সম্পর্কে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

পিতা আমাদেরকে এতটাই প্রেম করেছেন যে তাঁর পুত্রের রক্ত ও মাংসের বলিদানের দ্বারা আমাদের যোগ্য করে তুলেছেন যে আমরা সেই সমস্ত কিছু লাভ করবো যা যীশুর আছে, যা তিনি ছিলেন, আছেন এবং হবেন। ঈশ্বরের সন্তান হিসেবে খ্রীষ্টের সাথে সহ-দায়াদ।

এই পাঠ্যাংশে **কোন কোন** বিষয়গুলি আজও একই রয়েছে?

ঈশ্বর, তাঁর প্রেম, তাঁর দানশীল চরিত্র, তাঁর পুত্রের অনন্তকালের জন্য রক্ত ও মাংসের বলিদান।

আজকের দিনে এটি আমাদের কাছে **কী** অর্থ বহন করে?

আমরা সেই সমস্ত কিছু লাভ করেছি যা যীশুর কাছে রয়েছে, যা তিনি ছিলেন, আছেন এবং ভবিষ্যতে হবেন। আমরা অন্ধকারের শক্তি থেকে মুক্ত। আমরা এখন ঈশ্বরের রাজ্যের মধ্যে রয়েছি, তাঁর আলোর রাজ্য, যীশুর সাথে সহ-দায়াদ।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে **কোন** একটি বিষয় আপনি শিখেছেন?

পিতার প্রেম।

সাক্ষ্য দিন

প্রত্যেক ব্যক্তিদেরকে দুই বা তিন বাক্যে বলতে বলুন যে পিতা তাদেরকে কতটা প্রেম করেন, সেটা উপলব্ধি করার অর্থ তাদের কাছে **কী**?

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা **কী**?

অধিবেশন 7: পুত্রের প্রেম

ঈশ্বর নিজেকে প্রেমের মধ্যে ব্যক্তিগত করে তুলেছেন,
যাতে আমরাও প্রেমের মাধ্যমে তাঁর সাথে সম্পর্ক স্থাপন করতে পারি।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা যীশুর রক্ত ও মাংসের বলিদানের ঘোষণা করে।

বাইবেল অধ্যয়ন

ঈশ্বর নিজের সাথে একটি সিদ্ধ সম্পর্কে ছিলেন, আছেন এবং আসবেন। পিতা, পুত্র যীশু, এবং পবিত্র আত্মা, সম্পূর্ণ একতায় রয়েছেন, একের মধ্যে তিন ব্যক্তি। এক ঈশ্বর। আমরা ঈশ্বরের পুত্র, যীশুর প্রেমের সম্পর্ক সম্বন্ধে অধ্যয়ন করবো।

যীশুর প্রেম এতটাই মহান যে তিনি সবকিছু ত্যাগ করে আমাদের জন্য রক্ত ও মাংসে বলিদান হলেন। তবুও, তাঁর প্রেমকে প্রতিদিন আরও বেশি করে ব্যক্তিগত ভাবে জানা আমাদের সাহায্য করে সেই জীবনের, প্রেমের, সত্য ও শক্তির পূর্ণতা লাভ করতে যা ঈশ্বর থেকে আসে এবং যা ঈশ্বর স্বয়ং।

যোহন 10:14-18 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশ থেকে যীশুর প্রেম সম্পর্কে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

যীশুর প্রেম অনেক মহান। তাঁর কাছে ক্ষমতা আছে যে তিনি চাইলে তাঁর জীবনকে বলিদান করতেও পারেন আবার নাও করতে পারেন, তবুও তিনি তাঁর জীবনকে বলিদান করার জন্য বেছে নিলেন, যা পিতার ইচ্ছা ছিল। কারণ ঈশ্বর এতটাই প্রেম করেন। তিনি তাঁর নিজের মধ্যে সবকিছুই আমাদেরকে দিয়েছেন। যীশু সবকিছু ত্যাগ করেছিলেন এবং রক্ত ও মাংসে বলি হওয়ার জন্য, ত্রুশের উপর মারা যাওয়ার জন্য, মৃত্যু থেকে পুনরুত্থিত হওয়ার জন্য এবং স্বর্গে ওঠার জন্য এসেছিলেন। এই পৃথিবীকে উদ্ধার করতে ঈশ্বর নিজেকে দিয়ে দিলেন, ঈশ্বরের ও মানুষের বিরুদ্ধে আমরা যে সকল অপরাধ করেছি, ভেবেছি বা খারাপ কথা বলেছি, সেই সবকিছুর জন্য অনন্তকালীন রক্ত ও মাংসে বলিদান হতে এসেছিলেন। যীশু প্রতিদিন নিজেকে দিতে থাকা অব্যাহত রেখেছেন, তাঁর পুনরুত্থিত জীবন, প্রেম, সত্য, মন্দ আত্মা ও আমাদের মাংসের উপর কর্তৃত্ব ও ক্ষমতা। তিনি আমাদের উত্তম মেসপালক।

সাক্ষ্য দিন

প্রত্যেক ব্যক্তিকে দুই বা তিন বাক্যে বলতে বলুন যে যীশু যে তাদের উত্তম মেসপালক, এটা উপলব্ধি করা তাদের কাছে কী অর্থ বহন করে?

গীতসংহিতা 23 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

আলোচনা করুন যে যীশু, যিনি উত্তম মেসপালক, তিনি আপনার জন্য কী করেন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

যীশু সর্বদা আমার প্রয়োজন মিটিয়েছেন।

যীশু আমাকে বিশ্রাম ও খাদ্য দেন।

যীশু আমাকে পরিতৃপ্ত করেন ও জীবন জল পান করতে দেন।

যীশু আমার আত্মা, মন এবং দেহকে পুনরুদ্ধার ও নতুন করেন।

যীশু তাঁর নিজের সম্মানের জন্য আমাকে তাঁর ধর্মিকতা ও ন্যায়পরায়ণতা জানতে পরিচালনা করেন।

যদিও আমি মৃত্যুর উপত্যকা দিয়ে চলাফেরা করি, তবুও আমি ভয় করবো না, কারণ যীশু আমার সঙ্গে আছেন।

যীশু তাঁর প্রেম দিয়ে, আমার সাথে তাঁর সম্পর্কের মাধ্যমে এবং তাঁর চূড়ান্ত ক্ষমতা ও কর্তৃত্ব দিয়ে আমাকে সান্ত্বনা প্রদান করেন।

যীশু আমার সমস্ত শত্রুদের সামনে আমার জন্য এক ভোজের আয়োজন করেন। যীশু আমাকে তাঁর মুখ্য অতিথি করেন।

যীশু আমাকে তাঁর অন্তহীন প্রাচুর্য ও ঈশ্বরের সম্পূর্ণ উত্তমতা দিয়ে অভিষেক করেন।

নিঃসন্দেহে, ঈশ্বরের করুণা আজীবন, রক্ত ও মাংসের এই বর্তমান সময়ে, আমার সাথে-সাথে থাকবে। চিরকাল আমি ঈশ্বরের সাথে বসবাস করবো।

এই পাঠ্যাংশে **কোন কোন** বিষয়গুলি আজও একই রয়েছে?

যীশু হলেন সেই উত্তম মেসপালক যিনি তাঁর মেসদের জন্য নিজেকে অনবরত দিতে থাকেন।

আজকের দিনে এটি আমাদের কাছে **কী** অর্থ বহন করে?

আমরা যীশুতে, তিনি যা, তিনি যা কিছু করেছেন, করছেন এবং করার প্রতিশ্রুতি দিয়েছেন, সেই সবকিছুতে বিশ্রাম নিতে পারি।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে **কোন** একটি বিষয় আপনি শিখেছেন?

যীশুতে ঈশ্বর আমাদেরকে নিজেকে সম্পূর্ণ ভাবে দিয়ে দিয়েছেন কারণ তিনি আমাদেরকে অনেক প্রেম করেন।

যীশুতে ঈশ্বরের এই প্রেম **কতটা** মজবুত? **রোমীয় 8:38-39** পড়ুন

যীশুতে আমাদের জন্য ঈশ্বরের প্রেম যেকোনো কিছুর চেয়ে বেশি শক্তিশালী, এমনকি আমাদের জীবনের দুর্বলতা ও এই জগতের মন্দতার চেয়েও বেশি।

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা **কী**?

অধিবেশন ৪: পবিত্র আত্মার প্রেম

আত্মা ও বধু বলছেন, “আসো!” যারা শুনছে তারা সকলে আসুক।

যারা পিপাসিত তারা আসুক। যারা জীবন জলের আকাঙ্ক্ষা করে তারা বিনামূল্যে তা গ্রহণ করুক।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা ঈশ্বরের প্রেমকে ঘোষণা করে।

বাইবেল অধ্যয়ন

ঈশ্বর, যিনি তাঁর নিজের সঙ্গে এক সিদ্ধ সম্পর্কে ছিলেন, আছেন এবং আসবেন। পিতা, পুত্র যীশু, এবং পবিত্র আত্মা একে অপরের সাথে সম্পূর্ণ একতায় রয়েছেন, একে তিন ব্যক্তি। এক ঈশ্বর। পবিত্র আত্মার প্রেমের সম্পর্ক সম্বন্ধে আমরা অধ্যয়ন করবো।

ঈশ্বরের প্রেম এতটাই মহান যে এটা আমাদের বোধগম্যের বাইরে। পবিত্র আত্মার প্রেম কখনই নিজের দিকে ইঙ্গিত করে না। বরং, তিনি প্রকাশ করেন, সুনিশ্চিত করেন, রূপান্তর করেন এবং আমাদের মধ্যে বাস করেন, যাতে আমরা পিতার ও পুত্রের প্রেমকে ব্যক্তিগত ভাবে, আরও শক্তিশালী ভাবে এবং অত্যন্ত ঘনিষ্ঠ ভাবে অনুভব করতে পারি।

পবিত্র আত্মা কার বিষয়ে সাক্ষ্য দেয় ও মহিমান্বিত করে? যোহন 16:13-15 পড়ুন

যীশুর।

ঈশ্বরের প্রেমকে কীভাবে আমাদের হৃদয়ের মধ্যে ব্যক্তিগত ভাবে, আরও শক্তিশালী ভাবে এবং অত্যন্ত ঘনিষ্ঠ ভাবে ঢেলে দেওয়া হয়েছে?

রোমীয় 5:5-8 পড়ুন

পবিত্র আত্মার দ্বারা, যাকে আমাদের জীবনে দেওয়া হয়েছে যখন আমরা স্বয়ং যীশুকে একটি বিনামূল্যে পাওয়া উপহার হিসেবে গ্রহণ করি।

রোমীয় 8:14-16 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশ থেকে পবিত্র আত্মার প্রেম সম্পর্কে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

ঈশ্বরের প্রেম এতটাই মহান যে যখন আমরা স্বয়ং যীশুকে একটি বিনামূল্যে উপহার হিসেবে গ্রহণ করি, তখন আমরা যীশুর আত্মা, ঈশ্বরের আত্মা, অর্থাৎ পবিত্র আত্মাকে আমাদের অন্তরে গ্রহণ করি। আমরা ঈশ্বরের সন্তান এবং ঈশ্বর হলেন আমাদের প্রেমময় পিতা।

প্রত্যেক বিশ্বাসীরা (পুরুষ ও মহিলা) হল ‘ঈশ্বরের পুত্র’ কারণ তারা তাঁর আত্মাকে লাভ করেছে। ‘ঈশ্বরের পুত্র’ কথাটি ঈশ্বরের সাথে সেই সম্পর্কের প্রকাশ করে যা এখন আমাদের কাছে রয়েছে। এই দত্তক নেওয়া হল প্রথম জাত পুত্রের মত সমান, প্রথম জাত পুত্রের মত সমান আইনি অধিকার তাদের দেওয়া হয়েছে। সুতরাং আমরা যীশুর সাথে সহ-দায়াদ হই, যিনি হলেন ঈশ্বরের রাজ্যের রাজা।

সাক্ষ্য দিন

প্রত্যেক ব্যক্তিদেবকে দুই বা তিন বাক্যে বলতে বলুন যে তারা যে ঈশ্বরের সন্তান (রাজকীয় পরিবারের প্রথম সন্তান), এটা জানা তাদের কাছে কী অর্থ বহন করে?

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে কোন একটি বিষয় আপনি শিখেছেন?

ঈশ্বর যীশুতে আমাদেরকে নিজেকে সম্পূর্ণ ভাবে দিয়ে দিয়েছেন, তিনি আমাদেরকে দত্তকপুত্রতার আত্মা দিয়েছেন, কারণ ঈশ্বর আমাদের অনেক প্রেম করেন।

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা কী?

অধিবেশন ৯: আমি যেমন তেমনই আমি গৃহীত

তঁার প্রেমে আমি নিজেকে খুঁজে পেয়েছি। আমি যেমন তেমনই গৃহীত হয়েছি। অনন্তকালের জন্য নির্ধারিত।
জীবনে পরিপূর্ণ। আমি চিরকালের জন্য পরিবর্তিত। মহান “আমি আছি”-এর দ্বারা।

শুরুর প্রার্থনা


কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা ঘোষণা করে যে আমি যেমন, তেমনই আমি ঈশ্বরের দ্বারা গৃহীত।

চারটি কার্ড ওয়ার্কশপ

ধাপ ১: প্রত্যেক ব্যক্তি একটি খালি কাগজের পৃষ্ঠা
নেবে এবং চারটি ভাগে কাটবে। প্রত্যেক ব্যক্তি
তাদের কার্ডগুলির সামনের দিকে একটি চিত্র আঁকবে
যা নিচে দেওয়া বিষয়গুলিকে চিহ্নিত করবে।



কার্ড ১ = আমি কার্ড ২ = আমার পরিবার কার্ড ৩ = আমার শিক্ষা কার্ড ৪ = আমার গ্রাম

ধাপ ২: প্রত্যেক ব্যক্তি নিজেদের, নিজের পরিবার, তার বিদ্যালয় ও তার সম্প্রদায়কে সরল চিত্রের দ্বারা এবং
পৃষ্ঠার পিছন দিকে শব্দের দ্বারা বর্ণনা করবে। কার্ডের উপর কেউ কোন নাম লিখবে না।

কার্ড ১: আমি নিজের বিষয়ে কেমন অনুভব করি? (একটি আনন্দিত বা দুঃখী মুখ আঁকুন) আমি কি প্রেম অনুভব
করি? আমি কি আমার সম্প্রদায়ের দ্বারা গৃহীত অনুভব করি? আমি কিসে ভালো? আমি কী করতে পছন্দ করি?
আমার প্রিয় জন্তু কী? আমার প্রিয় খাদ্য কী? আমার স্বপ্নগুলি কী? আমি কিসে ভয় পাই?

কার্ড ২: আমার পরিবারের কে কে আছে? আমার পরিবারের স্বাস্থ্য কেমন? আমার পরিবার কোন দেবতাকে বিশ্বাস
করে? আমার উপরে যারা কর্তৃত্ব আছে তারা কেমন? (একটি আনন্দিত বা দুঃখিত মুখ আঁকুন)

কার্ড ৩: আমার জীবন সম্পর্কে আমি কেমন অনুভব করি? (একটি আনন্দিত বা দুঃখিত মুখ আঁকুন) যখন আমি
শিশু ছিলাম, তখন কোন একটা জিনিস আমি শিখেছিলাম? যে ব্যক্তিটি আমাকে এটি শিখিয়েছিলেন তিনি কেমন?
শেখার ক্ষেত্রে আমার সবচেয়ে প্রিয় বিষয়বস্তু কী ছিল? কোন বিষয়বস্তুটি শেখার জন্য আমার সবচেয়ে বেশি কঠিন
মনে হত? কোন বিষয়বস্তুটি শেখার জন্য আমার সবচেয়ে সহজ বলে মনে হত? কোন কোন স্থানে আমি নিরাপদ
অনুভব করি না? কোন কোন স্থানে আমি নিরাপদ অনুভব করি?

কার্ড ৪: আমি যেখানে বাস করি, সেখানকার কোন বিষয়টি আমার পছন্দ? যেখানে বাস করি, সেখানকার কোন
বিষয়টি আমার পছন্দ না? যেখানে আমি বাস করি, সেখানকার বয়স্ক লোকেরা কী করে? তারা কীভাবে আমাকে
সাহায্য করে?

ধাপ ৩: উপরে দেওয়া তথ্যগুলি তাদের কার্ডের মধ্যে লেখার পর, তারা তাদের কার্ডগুলি আপনাকে দিয়ে দেবে।
কার্ডগুলিকে তাদের চার-চার সেটের মধ্যেই রাখুন।

ধাপ ৪: প্রত্যেক জনকে তাদের নিজেদের কার্ডের সেট না দিয়ে, অন্য একটা কার্ডের সেট দিন। প্রত্যেকের পরিচয়
যেন গোপন থাকে এবং কেউ যেন জানতে না পারে যে সেই ব্যক্তি কার কার্ডের সেটটি পেয়েছে।

ধাপ ৫: এক-একজন করে প্রত্যেক ব্যক্তি দলের সামনে তাদেরকে দেওয়া কার্ডগুলি পড়ে শোনাবে।

দলগত আলোচনা

প্রত্যেকটি কার্ডের সেটের পরিণাম নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

প্রত্যেক ব্যক্তি তাদের নিজেদের ও তাদের পরিস্থিতির বিষয়ে যা অনুভব করে, সেইগুলির মধ্যে কী প্রকারের পারস্পরিক নিদর্শন বা সম্পর্ক রয়েছে?

প্রত্যেক ব্যক্তির মধ্যে কিছু কিছু পার্থক্যগুলি কী রয়েছে?

আমরা সবাই স্বীকৃতি পেতে চাই। আমরা সবাই প্রেম পেতে চাই। যখন আমরা অন্যের কাছ থেকে স্বীকৃতি বা প্রেম পাওয়ার আশা করি, তখন তাদের কাছে ও সেই পরিস্থিতির কাছে আমাদেরকে নিয়ন্ত্রণ করার ক্ষমতা থাকে।

আদিপুস্তক 29:31-35 পড়ুন

দলগত আলোচনা

লেয়া এবং ঈশ্বরের বিষয়ে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

পদ 31 ঈশ্বর লেয়ার বিষয়ে কী জানতেন?

সে প্রেম পায়নি।

পদ 32 লেয়া কী আশা করেছিল যে একটা পুত্র সন্তান লাভ করার পর কী হবে?

তার স্বামী তাকে প্রেম করবে।

পদ 33 লেয়া একটা পুত্র সন্তানকে জন্ম দেওয়ার পর তার স্বামী কি তাকে প্রেম করেছিল?

না।

পদ 34 তিনটি পুত্র সন্তানদের জন্ম দেওয়ার পর লেয়ার স্বামী কি তাকে প্রেম করেছিল?

না।

পদ 35 চারটি পুত্র সন্তানকে জন্ম দেওয়ার পর লেয়া কী বলেছিল?

এখন আমি ঈশ্বরের প্রশংসা করবো।

ঈশ্বর দেখেন যে আমরা প্রেম ও স্বীকৃতি পেতে চাই। ঈশ্বর লেয়াকে একটা পুত্র সন্তান লাভ করার হৃদয়ের ইচ্ছাকে পূর্ণ করলেন, এবং এর মাধ্যমে দেখালেন যে তিনি তাকে কতটা প্রেম করেন। ঈশ্বরের পরিকল্পনায় লেয়ার জন্য স্থান রেখেছিলেন। তার চতুর্থ পুত্রের মধ্যে দিয়ে সেই বংশ এসেছিল, যার মধ্যে দিয়ে যীশু, মাংসে মূর্তিমান ঈশ্বর, এই পৃথিবীতে এসেছিলেন। প্রাচীন ইস্রায়েলের বারো বংশের মধ্যে একটি। যখন আমরা জানি যে ঈশ্বর আমাদের কতটা প্রেম করেন, তিনি কীভাবে আমরা যেমন, তেমন ভাবেই আমাদের গ্রহণ করেন, তাঁর দৃষ্টিতে আমরা কত সুন্দর, এবং তিনি যে সৃষ্টির আগেই আমাদেরকে বেছে নিয়েছেন তাঁর পরিকল্পনার অংশ হতে, তখন আমরা প্রকৃত অর্থে স্বাধীন হই কারণ আমরা আর অন্য ব্যক্তির প্রেম ও স্বীকৃতি পাওয়ার জন্য অন্বেষণ করি না। আমরা এই বাস্তবতায় বাস করি যে তাঁর প্রেম যথেষ্ট।

যখন আমরা জানতে পারি যে আমরা যেমন, তেমনই আমাদের স্বীকৃতি দেওয়া হয়েছে, তখন আমরা কী করার জন্য শক্তি লাভ করি? **রোমীয় 15:7** পড়ুন

অন্যেরা যেমন, তেমনই তাদেরকে স্বীকৃতি দেওয়ার জন্য আমরা শক্তিপ্রাপ্ত হই, যেমন ভাবে আমাদেরকে স্বীকৃতি দেওয়া হয়েছে।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে কোন একটি বিষয় আপনি শিখেছেন? **প্রেরিত 10:34** পড়ুন

প্রত্যেক মানুষ যেমন, যেমনই ঈশ্বর তাদের সকলকে গ্রহণ করেন। আমি যেমন, তেমনই তিনি আমাকে গ্রহণ করেন।

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা কী?

অধিবেশন 10: পরিচয় – আত্মায় জন্ম

ঈশ্বর: আত্মা রক্ত ও মাংসে জন্মগ্রহণ করলেন, যারা রক্ত ও মাংসে জন্মেছে তাদের জন্য রক্ত ও মাংসে বলিদান হতে, যাতে যারা রক্ত ও মাংসে জন্মেছে, তারা আত্মা দ্বারা জন্মাতে পারে।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা ঘোষণা করে যে আমি ঈশ্বরের সন্তান, পবিত্র আত্মা দ্বারা জাত।

বাইবেল অধ্যয়ন

যেমন আমরা শিখেছি, প্রত্যেক বিশ্বাসীরা যারা যীশুর রক্ত ও মাংসের বলিদানকে গ্রহণ করেছে, তারা ঈশ্বরের আত্মাকে – তাদের অন্তরে পবিত্র আত্মাকে গ্রহণ করে। এটা আমাদের বর্তমানের উত্তরাধিকার, আমরা ঈশ্বরের সন্তান (রাজকীয় পরিবারের প্রথম জাত পুত্রের সমান), যীশুর সাথে সহ-দায়াদ, এই পৃথিবীতে, মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত এই জগতে ঈশ্বরের রাজ্যের মধ্যে বসবাসকারী।

ঈশ্বর আমাদের মতন একজন হওয়ার জন্য বেছে নিলেন কারণ তিনি আমাদের প্রেম করেন, এবং ইতিহাসের একটা মুহূর্তে, যীশু, পবিত্র আত্মার বীজের মাধ্যমে, রক্ত ও মাংসে এক নারীর গর্ভে জন্মালেন, যাতে আমরা যারা রক্ত ও মাংসে জন্মেছি, যীশুর সিদ্ধ রক্ত ও মাংসের বলিদানকে বিশ্বাস ও গ্রহণ করার মাধ্যমে, আত্মায় জন্মাতে পারি।

যোহন 1:12-13 পড়ুন

ঈশ্বরের কাহিনী থেকে, তাঁর প্রকৃত প্রেম কাহিনী থেকে, অর্থাৎ বাইবেল থেকে আমরা অধ্যয়ন করবো যে কেন রক্ত ও মাংসে জন্ম নেওয়া মানুষদের আত্মায় জন্ম নেওয়ার প্রয়োজন আছে।

1 করিন্থীয় 15:47-51 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশ থেকে প্রথম মানুষ (রক্ত ও মাংসে জাত) এবং দ্বিতীয় মানুষের (আত্মা দ্বারা জাত যীশু, যিনি রক্ত ও মাংসে জন্মেছিলেন) বিষয়ে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

প্রথম মানুষকে কী দিয়ে তৈরি করা হয়েছিল?

মাটি দিয়ে।

যীশুর রক্ত ও মাংসের বলিদানকে গ্রহণ করার আগে আমাদের মধ্যে কার প্রতিচ্ছবি, সাদৃশ্য ও পরিচয় ছিল?

প্রথম মানুষ – যাকে মাটি থেকে তৈরি করা হয়েছিল।

যীশুর রক্ত ও মাংসের বলিদানকে গ্রহণ করার পর আমাদের মধ্যে কার প্রতিচ্ছবি, সাদৃশ্য ও পরিচয় দেখতে পাওয়া যায়?

দ্বিতীয় মানুষ – স্বর্গ থেকে আগত প্রভুর – যীশুর।

এটা আমাদের বর্তমানের উত্তরাধিকার। আমাদের কাছে যীশুর পরিচয় আছে, রক্ত ও মাংস যা আত্মা – পবিত্র আত্মা দ্বারা জাত, ঈশ্বরের সন্তান (রাজকীয় পরিবারের প্রথম জাত সন্তানের সমান), যীশুর সাথে সহ-দায়াদ, এই পৃথিবীতে, মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত এই জগতে ঈশ্বরের রাজ্যের মধ্যে বসবাসকারী হিসেবে।

1 করিন্থীয় 15:50-55 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশ থেকে যে মানুষটিকে মাটি থেকে সৃষ্টি করা হয়েছিল (রক্ত ও মাংসে জাত) এবং আত্মা দ্বারা জাত যীশু (যিনি রক্ত ও মাংস হলেন), তাদের পরিচয় সম্পর্কে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

রক্ত ও মাংসে জাত মানুষটির প্রকৃত ও পরিচয় কী?

ধ্বংসপ্রাপ্ত, অসৎ এবং বিনাশের দিকে অগ্রসর হওয়া, এবং মৃত্যুর জন্য নির্ধারিত।

যীশুর প্রকৃতি ও পরিচয় কী?

কখনও ধ্বংস হবেন না, সৎ, অনন্তকালীন, জীবনের জন্য নির্ধারিত।

প্রথম মানুষ এমন এক বীজে পরিণত হয়েছিলেন যা নষ্ট হয়ে গিয়েছিল, কেননা সে দিয়াবলের ছলনা, ভালো ও মন্দ জ্ঞানের লাভ করা, দুইটির সাথে এক হওয়ার জন্য বেছে নিয়েছিল। এর পরিণামে প্রত্যেক মানুষ যারা এই প্রকৃতি নিয়ে জন্মেছে, তারা প্রত্যেকেই নষ্ট হয়েছে। দ্বিতীয় মানুষ, যীশু, যিনি পবিত্র আত্মার বীজ দ্বারা জন্মেছেন, এমন এক বীজ যা কখনই নষ্ট হবে না, রক্ত ও মাংসে এক কুমারীর গর্ভে জন্মালেন। যীশু হলেন সিদ্ধ রক্ত ও মাংসে বলিদান।

রোমীয় 5:14-19 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশ থেকে মাটি থেকে তৈরি মানুষ (রক্ত ও মাংসে জাত) এবং পবিত্র আত্মা দ্বারা জাত যীশুর (যিনি রক্ত ও মাংস হলেন) পরিণাম সম্পর্কে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

প্রথম মানুষের অপরাধের পরিণাম কী?

পদ 16 দোষী হিসেবে বিচার করা হয়েছে।

পদ 17 মৃত্যু রাজত্ব করেছে।

যারা এই দ্বিতীয় মানুষের বিনামূল্যে উপহারটিকে গ্রহণ করে, তাদের পরিণাম কী?

পদ 18 দোষ থেকে মুক্ত, নির্দোষ ঘোষিত।

পদ 19 যীশুতে জীবনের রাজত্ব।

কলসীয় 2:13-15 পড়ুন

প্রথম মানুষের অপরাধের পরিণাম কী?

পদ 13 ঈশ্বর এবং অন্যান্য মানুষের বিরুদ্ধে অপরাধ করার কারণে মৃত্যু এবং মাংসের স্বার্থপর আকাঙ্ক্ষাগুলির মধ্যে আটকে থাকা।

যারা এই দ্বিতীয় মানুষের বিনামূল্যে উপহারটিকে গ্রহণ করে, তাদের পরিণাম কী?

পদ 13 আমাদের সব অপরাধ ক্ষমা করা হয়েছে, আর তাই তাঁর সাথে আমাদেরকে জীবিত করা হয়েছে।

পদ 14 আমরা আর দোষী নই।

পদ 15 সমস্ত আধিপত্য ও কর্তৃত্বের উপর জয়লাভ, যারা এখন পরাজিত ও বন্দী অবস্থায় রয়েছে।

এটা আমাদের বর্তমানের উত্তরাধিকার। আমরা ক্ষমাপ্রাপ্ত, শান্তি, মৃত্যু, দণ্ডাজ্ঞা ও দোষ থেকে মুক্ত। আমাদেরকে জীবিত করা হয়েছে এবং এই জীবনে আমাদের মাংসের উপর, সমস্ত মন্দ আত্মা ও ক্ষমতার উপর কর্তৃত্ব করতে দেওয়া হয়েছে, যারা যীশুর রাজ্য ও রাজত্বের বিরুদ্ধে দাঁড়ায়। শয়তান এবং সমস্ত মন্দ আত্মা আমাদেরকে দোষী করতে পারবে অথবা লজ্জায় ফেলতে পারবে না কারণ ক্রুশের উপর যীশুর বিজয়ের মাধ্যমে তাদের ক্ষমতা ও অস্ত্র তাদের থেকে কেড়ে নেওয়া হয়েছে।

আমরা রক্ত ও মাংসের কিন্তু আত্মা দ্বারা জাত, দুঃখ ও দ্বারা ক্ষতিগ্রস্ত এই জগতে যীশুর বিজয়ের মাধ্যমে আমাদের জীবিত করা হয়েছে।

আমাদের একটা ভবিষ্যতের উত্তরাধিকারও রয়েছে।

1 করিন্থীয় 15:20-23 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

বাইবেলের এই অংশ থেকে মাটি থেকে তৈরি মানুষ (রক্ত ও মাংসে জাত) এবং পবিত্র আত্মা দ্বারা জাত যীশুর (যিনি রক্ত ও মাংস হলেন) পরিণাম সম্পর্কে আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

কে মৃত্যু থেকে বেঁচে উঠেছেন?

যীশু।

এই পৃথিবীতে যীশুর মহিমা সহকারে ফিরে আসার সময়ে **কাদেরকে** মৃত্যু থেকে পুনরুত্থিত করা হবে যাদের শরীর আর বৃদ্ধ হবে না, কখনও অসুস্থ হবে না, কখনও ক্ষয় পাবে না?

তারা সবাই, যারা যীশুর বিনামূল্যে উপহারকে গ্রহণ করেছে, অর্থাৎ তাঁর রক্ত ও মাংসে বলিদানকে, এবং যারা এর দ্বারা যারা ঈশ্বরের সন্তান হয়েছে এবং আত্মা দ্বারা জাত হয়েছে।

প্রকাশিত বাক্য 1:18 পড়ুন

কে আত্মা দ্বারা রক্ত ও মাংসে এক সিদ্ধ বলিদান হয়েছিলেন, মারা গিয়েছিলেন, একটি সিদ্ধ দেহে পুনরুত্থিত হয়েছিলেন, স্বর্গে উঠেছিলেন, চিরকালের জন্য জীবিত রয়েছেন এবং মৃত্যু ও অনন্তকালের উপর ক্ষমতা রয়েছে? যীশু।

প্রকাশিত বাক্য 1:5-6 পড়ুন

কে সেই বিশ্বস্ত সাক্ষী, প্রথম পুনরুত্থিত দেহ, সর্বশ্রেষ্ঠ ক্ষমতাসম্পন্ন এবং সকলের উপর শাসক? যীশু।

যীশু কেন এই সবকিছু আমাদের জন্য করেছিলেন?

কারণ তিনি আমাদেরকে প্রেম করেন।

যখন আমরা যীশুকে এবং তাঁর বিনামূল্যে উপহারকে, অর্থাৎ তাঁর রক্ত ও মাংসে বলিদানকে বিশ্বাস করি ও গ্রহণ করি, এবং এর সাথে-সাথে ঈশ্বরের সন্তান হই এবং আত্মা দ্বারা জাত হই, তখন আমরা **কী** হই?

রাজা (শয়তান, মন্দ আত্মা এবং আমাদের নিজেদের মাংসের উপর কর্তা) এবং যাজক (ঈশ্বর ও অন্যান্য মানুষদের সাথে একটি প্রেমপূর্ণ সম্পর্কে আসি)।

যীশুর পুনরুত্থান হল প্রথম সিদ্ধ শারীরিক পুনরুত্থান, তাই আমরা এখন দুষ্টিও দ্বারা ক্ষতিগ্রস্ত এই জগতে বিজয়ী হিসেবে জীবনযাপন করি না, বরং আমাদের অনন্তকালীন অবস্থার এই ভবিষ্যতের প্রত্যাশায় বাঁচতে পারি—সিদ্ধ পুনরুত্থিত দেহ সহকারে, যা কখনও বৃদ্ধ হবে না, ক্ষয় পাবে না, মারা যাবে না—এমনই এই নতুন পৃথিবীতে যেখানে কোন মন্দ উপস্থিত থাকবে না। যখন যীশু এই পৃথিবীতে ফিরে আসবেন তখন, আমরা যারা যীশুর বিনামূল্যে উপহারকে, অর্থাৎ তাঁর রক্ত ও মাংসে বলিদানকে গ্রহণ করেছি, আমাদের সিদ্ধ পুনরুত্থিত দেহকে লাভ করবো।

মানবজাতির অপরাধের কারণে, ঈশ্বরের সৃষ্টিও মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে। অসমতা, অত্যাচার, মন্দ ও মৃত্যু এখন রাজত্ব করছে। কারণ ঈশ্বর আমাদের এত প্রেম করেছেন, তাই যীশু রক্ত ও মাংসে, পবিত্র আত্মার বীজের মাধ্যমে, এক নারীর গর্ভে জন্ম নেওয়ার জন্য বেছে নিলেন। তিনি তাঁর নিজের সৃষ্টির কাছে উত্তরাধিকারের প্রথম পুত্র হিসেবে এসেছিলেন, যাতে আমরা সকলে তাঁর পুত্র হতে পারি, রক্ত ও মাংস থেকে আত্মায় জাত, এবং আমাদের বর্তমান ও ভবিষ্যতের সকল উত্তরাধিকার গ্রহণ করতে পারি। হাল্লেলুইয়া!

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে **কোন** একটি বিষয় আপনি শিখেছেন?

ঈশ্বর এতটাই প্রেম করলেন এবং যীশুর রক্ত ও মাংসে জীবন, মৃত্যু ও পুনরুত্থান হল ঈশ্বরের পক্ষে সাক্ষ্য ও প্রমাণ।

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা **কী**?

অধিবেশন 11: প্রিয়জনের কাছে গৃহীত

দুটি মানবীয় প্রয়োজন: স্বীকৃতি লাভ করার ও প্রেম লাভ করার ইচ্ছা।

ঈশ্বর আমাদেরকে (বিশেষ সম্মানের সাথে) তাঁর প্রিতমের মধ্যে (যীশু, যিনি তাঁর সবচেয়ে প্রিয়) আমাদের গ্রহণ করেছেন।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা ঘোষণা করে যে ঈশ্বর আমাকে প্রেম করেন, খ্রীষ্টে আমাকে এক বিশেষ সম্মান ও আশীর্বাদ প্রদান করেছেন।

বাইবেল অধ্যয়ন

যেমন আমরা শিখেছি, প্রত্যেক বিশ্বাসীরা যারা যীশুর রক্ত ও মাংসের বলিদানকে গ্রহণ করেছে, তারা ঈশ্বরের আত্মাকে, অর্থাৎ পবিত্র আত্মাকে লাভ করেছে। এটা আমাদের বর্তমান সময়ের উত্তরাধিকার। আমরা ঈশ্বরের সন্তান (রাজকীয় পরিবারের প্রথম জাত পুত্রের সমান), যীশুর সাথে সহ-দায়াদ, দুষ্ট ও দ্বারা ক্ষতিগ্রস্ত এই জগতে ঈশ্বরের রাজ্যের মধ্যে বসবাসকারী।

ঈশ্বর আমাদের মতন একজন হওয়ার জন্য বেছে নিলেন, কারণ তিনি আমাদের প্রেম করেন, আর ইতিহাসের সেই মুহূর্তে, যীশু, পবিত্র আত্মার বীজের মাধ্যমে, রক্ত ও মাংসে এক নারীর গর্ভে জন্মালেন, যাতে আমরা যারা রক্ত ও মাংসে জন্মেছি, যীশুর সিদ্ধ ও অনন্তকালীন রক্ত ও মাংসের বলিদানকে বিশ্বাস ও গ্রহণ করার মাধ্যমে, আত্মা দ্বারা জন্মাতে পারি।

ঈশ্বরের কাহিনী থেকে, তাঁর প্রকৃত প্রেম কাহিনী থেকে, অর্থাৎ বাইবেল থেকে আমরা পিতার প্রেম, আশীর্বাদ, ইচ্ছা (হৃদয়ের আকাঙ্ক্ষা) এবং অনন্তকালের জন্য পরিত্রাণের পরিকল্পনা সম্পর্কে অধ্যয়ন করবো।

ইফিষীয় 1:3-14 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

ঈশ্বরের ইচ্ছা ও পরিকল্পনা কী, যা তিনি আমাদের কাছে প্রকাশ করেছেন? পদ 9-10 পড়ুন

সময়ের পূর্ণতায় স্বর্গে ও পৃথিবীতে সমস্ত কিছুকে খ্রীষ্টে এক করা হয়েছে।

ঈশ্বর পিতা আমাদেরকে (অতীতে) কী দিয়েছেন, যা বর্তমানে আমাদের কাছে ইতিমধ্যে রয়েছে? পদ 3 পড়ুন

প্রত্যেক আত্মিক আশীর্বাদ।

এই আশীর্বাদ কোথায় রয়েছে?

স্বর্গীয় স্থানে।

এই সমস্ত কিছু লাভ করার জন্য আমরা **কার সাথে** এক হয়েছি বা কার মধ্যে রয়েছি?

খ্রীষ্ট যীশু।

বর্তমান সময়ে, খ্রীষ্ট যেমন স্বর্গীয় স্থানে কর্তৃত্বের স্থানে বসে রয়েছেন, তেমন আমরাও রয়েছি। বর্তমানে, যেমন খ্রীষ্টের মধ্যে আমাদেরকে প্রত্যেক আত্মিক আশীর্বাদ দেওয়া হয়েছে। পরবর্তী পদগুলি এই আশীর্বাদগুলির কয়েকটি বিস্তারিত বিষয়ের রূপরেখা প্রদান করে।

খ্রীষ্টেতে (বর্তমানে) আমরা **কে**, যা পিতা আমাদেরকে (অতীতে) দিয়েছেন? এটাকে ব্যক্তিগত করে তুলুন এবং উত্তরের আগে “আমি...” কথাটি লিখুন। **পদ 4-6** পড়ুন

উদাহরণ: আমাকে প্রেমে বেছে নেওয়া হয়েছে, পবিত্র, নির্দোষ এবং পুত্র হিসেবে দত্তকপ্রাপ্ত, (যেমন আমি) তেমনই আমাকে প্রিয়জনের (সবচেয়ে প্রিয়) মধ্যে গ্রহণ করা হয়েছে, আমার পিতার ইচ্ছার মধ্যে রয়েছি যেমন এটা তাঁর হৃদয়ের আকাঙ্ক্ষা।

যীশু হলেন ঈশ্বরের ‘প্রিয়’ পুত্র, পিতার প্রেমের সর্বশ্রেষ্ঠ পাত্র। আমরাও তাঁর প্রেমের ‘পুত্রগণ’, (যেমন আমরা, তেমনই) গৃহীত। আমরা বর্তমান সময়ে পিতা ও পুত্রের সিদ্ধ প্রেমের সম্পর্কের মধ্যে বাস করছি। আমরা হলাম তাঁর হৃদয়ের আকাঙ্ক্ষা।

খ্রীষ্টেতে (বর্তমানে) আমরা **কে**, যা পিতা আমাদেরকে (অতীতে) দিয়েছেন? এটাকে ব্যক্তিগত করে তুলুন এবং উত্তরের আগে “আমি...” কথাটি লিখুন। **পদ 7-8** পড়ুন

উদাহরণ: অনন্তকালের জন্য, যীশুর রক্ত ও মাংসের বলিদানের কারণে আমাকে ক্রয় করা হয়েছে ও ক্ষমা করা হয়েছে ঈশ্বরের অসীম ও প্রচুর কৃপা সহকারে।

খ্রীষ্টেতে (বর্তমানে) আমরা **কে**, যা পিতা আমাদেরকে (অতীতে) দিয়েছেন? এটাকে ব্যক্তিগত করে তুলুন এবং উত্তরের আগে “আমি পেয়েছি...” কথাটি লিখুন। **পদ 11-12** পড়ুন।

উদাহরণ: আমি (বর্তমানে) আমার উত্তরাধিকার পেয়েছি কারণ এটাই হল আমার জন্য ঈশ্বরের নির্ধারিত গন্তব্য এবং তাঁর হৃদয়ের আকাঙ্ক্ষা।

খ্রীষ্টেতে (বর্তমানে) আমরা **কে**, যা পিতা আমাদেরকে (অতীতে) দিয়েছেন? এটাকে ব্যক্তিগত করে তুলুন এবং উত্তরের আগে “আমি...” কথাটি লিখুন। **পদ 13-14** পড়ুন

উদাহরণ: আমি পবিত্র আত্মা দ্বারা মুদ্রাঙ্কিত, যা আমার (বর্তমান ও ভবিষ্যতের) উত্তরাধিকারের একটি নিশ্চয়তা।

মনে রাখবেন যে বর্তমান সময়ে, যেমন খ্রীষ্ট স্বর্গীয় স্থানে কর্তৃত্বপূর্ণ স্থানে বসে রয়েছেন, তেমনই আমরাও রয়েছি। বর্তমান সময়ে, খ্রীষ্টেতে আমরা সমস্ত আত্মিক আশীর্বাদ লাভ করেছি।

ইফিষীয় 1:21-23 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

বর্তমানে এবং ভবিষ্যতের উপর যীশুর কাছে কতটা ক্ষমতা ও কর্তৃত্ব রয়েছে? পদ 21 পড়ুন

সমস্ত আধিপত্য, ক্ষমতা, কর্তৃত্ব ও শক্তি এবং সমস্ত উল্লেখিত বস্তুর উপরে।

যীশুর পরিপূর্ণতা কে? পদ 23 পড়ুন

প্রত্যেক বিশ্বাসীরা যারা যীশুর রক্ত ও মাংসে বলিদানকে গ্রহণ করেছে।

সকল বিশ্বাসীদের পরিপূর্ণতা কে, যারা যীশুর রক্ত ও মাংসে বলিদানকে গ্রহণ করেছে?

খ্রীষ্ট যীশু।

ইফিষীয় 2:4-9 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

বর্তমানে খ্রীষ্ট যীশুতে আমাদের কাছে কী রয়েছে? পদ 5-6 পড়ুন

খ্রীষ্টেতে আমাদেরকে জীবিত করেছেন। স্বর্গীয় স্থানে তাঁর সাথে বসার জন্য আমাদেরকে উত্থাপিত করা হয়েছে, আমাদের মাংসিক আকাঙ্ক্ষাগুলি এবং শয়তান ও মন্দ আত্মাদের উপরে খ্রীষ্টের ক্ষমতা ও কর্তৃত্ব।

ঈশ্বর কেন আমাদেরকে জীবিত করেছেন এবং স্বর্গীয় স্থানে খ্রীষ্টের সাথে, তাঁর ক্ষমতা ও কর্তৃত্বে আমাদেরকে বসিয়েছেন? পদ 4-8 পড়ুন

আমাদের প্রতি ঈশ্বরের মহৎ প্রেমের কারণে। এই সমস্ত কিছুর মধ্যে দিয়ে ঈশ্বর আমাদের কাছে তাঁর অসীম প্রেম, দয়া, প্রচুর পরিমাণে কৃপা ও আশীর্বাদের ধন প্রকাশ করতে পারেন।

পরিত্রাণ কেন ঈশ্বরের পক্ষ থেকে একটা উপহার? পদ 8-9 পড়ুন

তিনি তাঁর রক্ত ও মাংসের বলিদানের উপহারের মাধ্যমে আমাদের মাংসিক অহংকার থেকে রক্ষা করেন। যাতে কেউই অহংকার করতে না পারে।

ইফিষীয় 1:15-20 পড়ুন

প্রেরিত পৌল বিশ্বাসীদের জন্য কী প্রার্থনা করেছিলেন?

পদ 17 ঈশ্বর তাদেরকে প্রজ্ঞার আত্মা দেবেন যাতে তারা তাঁকে আরও ভালো ভাবে জানতে পারে।

পদ 18 ঈশ্বর তাদের মন খুলে দেবেন তাঁর সত্যকে আরও স্পষ্ট ভাবে দেখতে, প্রত্যাশা ও আশীর্বাদগুলিকে জানতে (বর্তমানে এবং ভবিষ্যতে) যারা তাঁর রক্ত ও মাংসের বলিদানকে বিশ্বাস করেছে ও গ্রহণ করেছে, যারা তাঁর গৌরবময় উত্তরাধিকার।

পদ 19 তাঁর ক্ষমতার মহানতাকে জানা।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে কোন একটি বিষয় আপনি শিখেছেন?

ঈশ্বরের প্রেম, ক্ষমতা ও আশীর্বাদের উপচয়তা কখনও শেষ হবে না। তিনি আমাকে তাঁর প্রশংসা ও মহিমার রূপে দেখেন।

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা কী?

অধিবেশন 12: সম্পর্ক

সেমিনার প্রতিনিধির মন্তব্য: ‘দ্রাক্ষালতার সম্পর্ক সম্বন্ধে শিখলাম, যীশুর কাছ থেকে গ্রহণ করার জন্য সময় নিতে শিখলাম, এবং পিতার ইচ্ছার কাছে আত্মসমর্পণ করতে শিখলাম—আমার জন্য এটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়।’

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা যীশুর মধ্যে একতা, অথবা দ্রাক্ষালতা এবং শাখার মাঝে সম্পর্ক অথবা যীশুর প্রেমের মধ্যে বাস করার বিষয়ে ঘোষণা করে।

কাহিনী

কল্পনা করুন যে আপনি একটা বৃহৎ দ্রাক্ষালতার শাখা।

আপনি দ্রাক্ষালতার মূল কাণ্ডের সাথে যুক্ত, বাগানের মালির ইচ্ছার কাছে সমর্পিত।

আপনি শুধু সেখানে বুলে রয়েছেন, আর কিছু করছেন না, শুধু মূল কাণ্ড থেকে বুলে রয়েছেন।

এখন যেহেতু আপনি মূল কাণ্ড থেকে বুলে রয়েছেন, সেই দ্রাক্ষালতার সমস্ত পুষ্টি স্বাভাবিক ভাবে শেকড় থেকে প্রবাহিত হয়ে, মূল কাণ্ডের মধ্যে দিয়ে আপনার কাছে পৌঁছায়। এর জল, পুষ্টির উপাদান; সবকিছু দ্রাক্ষালতার মধ্যে দিয়ে প্রবাহিত হয়ে আপনার কাছে পৌঁছায়।

আপনি শুধুমাত্র দ্রাক্ষালতা থেকে বুলে রয়েছেন, এর পুষ্টি লাভ করছেন।

এক দিন, আপনি এক ‘ঝিনঝিন’ অনুভব করলেন। আপনি আবিষ্কার করলেন যে আপনি বড় হয়েছেন।

ফলের ছোট-ছোট থোকা দেখা দিতে শুরু করলো। পপ (প্রেম), পপ, পপ (আনন্দ, শান্তি), পপ, পপ, পপ (ধৈর্য, দয়া, মঙ্গলভাব), পপ, পপ, পপ (বিশ্বস্ততা, নম্রতা, আত্মসংযম)।

যখন সূর্যের উষ্ণতা এবং ও বৃষ্টির ফোঁটা আপনার উপর পরে, তখন আপনার ভিতরে জীবন জল এবং দ্রাক্ষালতার পুষ্টির উপাদানগুলি প্রবাহিত হয়। এটা কীভাবে ঘটছে? আপনি তো কিছুই করেননি!

আপনি শুধুমাত্র দ্রাক্ষালতা থেকে বুলে রয়েছেন, এর পুষ্টি লাভ করছেন।

এটাই হল বাগানের মালির ইচ্ছা।

দ্রাক্ষালতা

স্বাভাবিক ভাবে, জল উঁচু স্তর থেকে নিচু স্তরে বয়ে, উপরে স্বর্গ থেকে নিচে পৃথিবী পর্যন্ত আসে। একটা দ্রাক্ষালতার বেঁচে থাকার জন্য জলের প্রয়োজন। জল ছাড়া এটা বেঁচে থাকবে না। একটা শাখাকে যদি জল লাভ করতে হয় তাহলে সেটাকে মূল কাণ্ড থেকেই পান করতে হবে – মূল কাণ্ড থেকে লাভ করতে হবে। বেঁচে থাকার জন্য এবং ফল উৎপাদন করার জন্য শাখাটিকে অবশ্যই জল পান করতে হবে।

যেমন স্বাভাবিক ক্ষেত্রে হয় তেমনই আত্মিক জগতেও ঘটে, কারণ ঈশ্বর সকল কিছু সৃষ্টি করেছেন।

আত্মিক জগতে, জীবন্ত জল উঁচু স্থান থেকে নিচে, অর্থাৎ ঈশ্বরের সিংহাসন থেকে যীশুর মধ্যে দিয়ে শাখাগুলিতে প্রবাহিত হয়। শাখাগুলি সরাসরি বৃষ্টির জল পান করে না – এটি প্রথমে মাটিতে প্রবেশ করে এবং তারপর শাখাগুলি মূল কাণ্ড থেকে পান করে, শেকড় এবং মূল কাণ্ডের মধ্যে দিয়ে বয়ে যাওয়া দ্রাক্ষালতার সমস্ত পুষ্টি সে লাভ করে।

যোহন 15:1-8 পড়ুন

বাইবেলের এই অংশটির উপর ধ্যান করুন এবং একাধিকবার পাঠ করতে থাকুন।

দলগত আলোচনা

আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

বাগানের মালী কে?

পিতা ঈশ্বর।

দ্রাক্ষালতার মূল কাণ্ড কে?

যীশু।

দ্রাক্ষালতার মূল কাণ্ড থেকে ঝুলে থাকা শাখা কে?

আমি।


অবস্থান করার অর্থ কী?

যীশু বলেছেন তাঁর মধ্যে অবস্থান করতে। অবস্থান করার অর্থ হল থাকা (একটি নির্দিষ্ট স্থানে, অবস্থায়, সম্পর্কে অথবা প্রত্যাশায়): জারি রাখা, বাস করা, সহ্য করা, উপস্থিত থাকা, থাকা বা স্থির থাকা।

কীভাবে আমি অবস্থান করতে পারি?

আপনার ওয়ার্কবুকে আপনার উত্তরটি লিখুন।

স্বাভাবিক ভাবে শাখাটিকে যদি জীবিত থাকতে হয় এবং ফল ধারণ করতে হয়, তাহলে তাকে পুষ্টিকর খাদ্যও খেতে হবে।



যোহন 4:34 পড়ুন

প্রেক্ষাপট

এই শাস্ত্রাংশে, যীশু একজন বহিষ্কৃত মহিলার সাথে কথা বলছেন। যীশু প্রাচীন ইস্রায়েলের বারো গোষ্ঠীর মধ্যে একটি গোষ্ঠীতে জন্মেছিলেন। অতীতের এই সময়ে, প্রাচীন ইস্রায়েলের কোন মানুষ শমরীয়ার কোন মানুষের সাথে, বিশেষভাবে কোন মহিলার সাথে যাকে তার লোকেদের মধ্যে থেকে বহিষ্কৃত করা হয়েছে, কথা বলতো না, কিন্তু যীশু (রক্ত ও মাংসে) এই বহিষ্কৃত মহিলার কাছে গেলেন, তার সাথে জীবন জলের বিষয়ে (ঈশ্বরের আত্মা, পবিত্র আত্মা) কথা বললেন এবং তার কাছে নিজেকে এই জীবন জলের স্রোত হিসেবে প্রকাশ করলেন। যীশুর শিষ্যেরা যখন ফিরে আসলেন তখন যীশু তাদেরকে জানালেন যে তাঁর খাদ্য কী, এবং শস্যক্ষেত্রের বিষয়ে বললেন।

এই বহিষ্কৃত মহিলার সাথে কথা বলার মাধ্যমে, নিজেকে তার কাছে প্রকাশ করার মাধ্যমে এবং যারা এখনও তাঁকে জানে না, তাদেরকে শস্যক্ষেত্র বলার মধ্যে দিয়ে যীশু জানালেন যে তাঁর খাদ্য কী।

যীশু কী বলেছিলেন যে তাঁর খাদ্য কী যা তাঁকে পুষ্টি যোগায়?

পিতার ইচ্ছা অনুযায়ী কাজ করা এবং সেই কাজকে সম্পন্ন করা যেটার জন্য তাঁকে পাঠানো হয়েছে।

যেমন স্বাভাবিক ক্ষেত্রে হয় তেমনই আত্মিক জগতেও ঘটে, কারণ ঈশ্বর সকল কিছু সৃষ্টি করেছেন।

আত্মিক ভাবে যখন আমরা পিতার ইচ্ছার অধীনে সমর্পিত হই, যখন আমরা তাঁর সাথে ও তাঁর উপস্থিতিতে,

আরাধনায়, বাক্যে সময় কাটাই, তাঁর সমস্ত উত্তমতাকে গ্রহণ করি, তখন তাঁর আত্মা দ্বারা আমরা প্রতিদিন, আরও বেশি করে রূপান্তরিত হতে থাকবো।

যখন আমরা যীশুর কাছ থেকে লাভ করি, পিতা ঈশ্বরের ইচ্ছার অধীনে নিজেদেরকে সমর্পিত করি, তখন আমরা কার প্রতিমূর্তিতে রূপান্তরিত হতে থাকি? 2 করিন্থীয় 3:17-18 পড়ুন

প্রভু যীশুর।

যখন আমরা জীবন জল পান করি, আমাদের পিতার ইচ্ছার অধীনে নিজেদের সমর্পণ করি, তখন কী ঘটবে বলে যীশু ঘোষণা করেছেন? যোহন 15:8 পড়ুন

সেই ব্যক্তি অবশ্যই অনেক ফল ধারণ করবে। যীশু এই বিষয়ে নিশ্চিত করেন।

যেমন স্বাভাবিক ক্ষেত্রে হয় তেমনই আত্মিক জগতেও ঘটে, কারণ ঈশ্বর সকল কিছু সৃষ্টি করেছেন।

যখন আমরা ঈশ্বর পিতার ইচ্ছার অধীনে নিজেদেরকে সমর্পণ করি এবং প্রতিদিন তাঁর উপস্থিতিতে পান করি তখন পবিত্র আত্মা আমাদেরকে পরিবর্তন করবেন এবং আরও বেশি করে যীশুর মত করে তুলবেন। তাঁর চরিত্র আমাদের চরিত্র হয়ে উঠবে। যীশুর গাছ যীশুর ফল উৎপন্ন করবে – যা হল আত্মার ফল।

সেই আত্মিক ফল ও ঐশ্বরিক স্বভাবগুলি, অথবা যীশুর চারিত্রিক বৈশিষ্ট্যগুলি কী কী যা আমরা তাঁর কাছ থেকে লাভ করে থাকি, যখন আমরা জীবন জল পান করি, ঈশ্বর পিতার ইচ্ছার অধীনে নিজেদেরকে সমর্পণ করি?

গালাতীয় 5:22-23 পড়ুন

প্রেম, আনন্দ, শান্তি, ধৈর্য, উত্তমতা, দয়া, বিশ্বস্ততা, মৃদুতা, আত্ম-সংযম।

কে এই ফলগুলিকে উৎপাদন করে?

ঈশ্বর। পিতা ঈশ্বর (বাগানের মালী), যীশু খ্রীষ্টের (দ্রাক্ষালতা) দ্বারা, পবিত্র আত্মার মাধ্যমে।

যখন আমরা প্রতিদিন তাঁর উপস্থিতিতে রয়েছি, যীশুর কাছ থেকে গ্রহণ করছি, আমাদের পিতার ইচ্ছার অধীনে নিজেদেরকে সমর্পণ করি, তখন তিনি আমাদেরকে রূপান্তরিত করবেন যেন আমরা অনেক বেশি ফল উৎপন্ন করতে পারি, কারণ এটাই হল তাঁর ইচ্ছা।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে কোন একটি বিষয় আপনি শিখেছেন?

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা কী?

অধিবেশন 13: সম্পর্ক – অন্যেরা যেমন, তেমনই তাদের গ্রহণ করা

পুনর্মিলিত (একটি চুক্তিতে আনা)। পুনঃস্থাপিত (একটি স্বাস্থ্য, নিরাময় ও উদ্যমের অবস্থায় ফিরিয়ে আনা)।
নৃতনীকৃত করা (পুনরুদ্ধার ও কার্যকর করা)।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা ঈশ্বরের মহান প্রেম ও পরিবর্তনকারী শক্তিকে ঘোষণা করে।

দশটি বীজ নিয়ে দলগত অভ্যাস

যেমন আমরা শিখেছি, সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পর্ক যা আমরা পেয়েছি তা হল ঈশ্বরের সাথে সম্পর্ক। আমরা যদি পিতার ইচ্ছার অধীনে সমর্পিত থাকি এবং তাঁর সাথে সময় কাটাই, তাঁর সমস্ত উত্তমতাপুলিকে লাভ করি, তাহলে প্রত্যেকটি দিন আমাদেরকে যীশুর চরিত্রে রূপান্তরিত করবে।

ঈশ্বর আমাদের আবেগগুলির ক্ষেত্রে যত্নবান, আমরা কী অনুভব করি, কীভাবে অন্যেরা আমাদের সাথে আচরণ করে এবং কীভাবে আমরা অন্যদের সাথে আচরণ করি।

দলগত অভ্যাস

প্রত্যেককে একটি বৃত্ত আকারে বসতে বলুন, যেখানে সবাই একে অপরের দিকে তাকিয়ে থাকবে। বৃত্তের মাঝখানে 10টি বীজের ওয়ার্কশীটটি রাখুন (ঈশ্বরের রাজ্য কার্যক্রম পুস্তিকার 45 নং পৃষ্ঠাটির ফটোকপি করুন) যেন প্রত্যেকে সেটাকে দেখতে পায়। ওয়ার্কশীটটির পাশে, গম অথবা অন্য কোন শস্যের 10টি বীজ রাখুন। বৃত্তের মধ্যে যতজন লোক থাকবে, সেটাই আপনার দলের সংখ্যা। 3 থেকে 12 -এর মধ্যে যেকোনো সংখ্যক লোক হতে পারে। যদি 12 জনের বেশি থাকে, তাহলে দুটি দল করুন। যদি 24 জনের বেশি থাকে তাহলে তিনটি দল করুন, ইত্যাদি। প্রত্যেক দলের কাছে 10টি করে বীজ থাকতে হবে এবং দশটি বীজের ওয়ার্কশীট যেটাকে দলের মাঝখানে রাখা থাকবে।

প্রত্যেক ব্যক্তিকে – এক-একজন করে – দলের উদ্দেশ্যে কথা বলার সুযোগ দেওয়া হবে। প্রত্যেকেই দলের কাছে সমান ভাবে মূল্যবান এবং প্রত্যেকের সমান কথা বলার অধিকার রয়েছে। প্রত্যেক ব্যক্তি সমান গুরুত্বপূর্ণ। প্রত্যেক ব্যক্তি দলের একজন গুরুত্বপূর্ণ অংশ হিসেবে কাজ করে। প্রত্যেক ব্যক্তি তাদের দলকে জানাবে যে ওয়ার্কশীটের কোন কলামে তারা আছে বলে তাদের সম্প্রদায় (যেখানে এবং যে সংস্কৃতিতে তারা বাস করে) মনে করে। হয় তাদের সম্প্রদায় তাদেরকে মূল্যহীন বলে মনে করে, অথবা তাদের সম্প্রদায় তাদেরকে অল্প মূল্যবান মনে করে, নাকি তাদেরকে অনেক বেশি মূল্যবান মনে করে।

এটা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ যে প্রত্যেকে যেন উপলব্ধি করে যে প্রত্যেকের সম্প্রদায় তাদেরকে যে দৃষ্টিতে দেখে, সেটা তাদের জন্য কোন লজ্জাজনক বিষয় নয়। একটা সম্প্রদায় কোন একটা মানুষকে কী দৃষ্টিতে দেখে সেটা অনেক কিছুর পরিণতি হতে পারে, যার অধিকাংশ বিষয়গুলি সেই ব্যক্তির নিয়ন্ত্রণের বাইরে। সঠিক উত্তর হল: কীভাবে আপনার সম্প্রদায় আপনাকে দেখে বলে আপনি বিশ্বাস করেন।

এটা লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে বলার সময়ে প্রত্যেকে কার দিকে তাকিয়ে থাকে, এবং এটা সুনিশ্চিত করা যে দলের মধ্যে কেউ যেন কোন ‘নেতা’ হয়ে না ওঠে। প্রত্যেকের সমান মূল্য রয়েছে এবং একে অপরের সাথে যেন সমান ভাবে অংশগ্রহণ করে ও ভাগ করে নেয়।

যখন একজন ব্যক্তি বলবে যে সে কোন কলামে (মূল্যহীন, অল্প মূল্য বা অনেক বেশি মূল্যবান) তাদের সম্প্রদায় তাদেরকে দেখে বলে বিশ্বাস করে, তখন দলের সবাই আলোচনা করবে যে নির্বাচিত কলামে 10টি বীজ বসিয়ে কীভাবে তারা তাদের দলের উত্তরগুলিকে চিত্রিত করবে।

আরও একবার সুনিশ্চিত করুন যে দলের প্রত্যেকে যেন বীজগুলি বসানোর ক্ষেত্রে অংশগ্রহণ করে এবং তারা যেন দলগত ভাবে এই কাজটি করে।

10টি বীজের মধ্যে প্রত্যেকটি যেন ব্যবহৃত হয়। 10টি বীজ সম্পূর্ণ দলটিকে প্রতিনিধিত্ব করে।

উদাহরণ 1: যদি 8 জনের একটি দলে, 5 জন বিশ্বাস করে যে তাদের সম্প্রদায় তাদেরকে মূল্যহীন বলে মনে করে, 2 জন বিশ্বাস করে যে সম্প্রদায় তাদেরকে অল্প মূল্যবান বলে মনে করে এবং 1 জন বিশ্বাস করে যে সে তার সম্প্রদায়ের কাছে অনেক বেশি মূল্যবান মনে করে, তাহলে 10টি বীজের মধ্যে 7টি বীজ মূল্যহীন কলামে বসবে, 2টি বীজ অল্প মূল্যবান কলামে বসবে এবং 1টি বীজ অনেক বেশি মূল্যবান কলামে বসবে।

উদাহরণ 2: যদি 6 জনের এক দলে, 3 জন বিশ্বাস করে যে তাদের সম্প্রদায়ের দৃষ্টিতে তারা মূল্যহীন, 3 জন বিশ্বাস করে যে তাদের সম্প্রদায়ের দৃষ্টিতে তাদের মূল্য অল্প এবং কেউই বিশ্বাস করে না যে তাদের সম্প্রদায়ের কাছে তাদের মূল্য অনেক বেশি। তাহলে, 10টি বীজের মধ্যে 5টি বীজ মূল্যহীন কলামে বসবে, 5টি বীজ অল্প মূল্যবান কলামে বসবে এবং 0 বীজ অনেক বেশি মূল্যবান কলামে বসবে।

দলগত আলোচনা

আপনার পর্যবেক্ষণগুলি নিয়ে আলোচনা করুন। আপনার হ্যান্ডআউটে উত্তরগুলি লিখুন।

কীভাবে আমরা সেই সকল ব্যক্তিদের শক্তিশালী করতে পারি, যারা বিশ্বাস করে যে তাদের সম্প্রদায়ের দৃষ্টিতে তারা মূল্যহীন অথবা অল্প মূল্যবান, যাতে তারা এই বিশ্বাসে পৌঁছতে পারে যে তাদের সম্প্রদায় তাদেরকে অনেক বেশি মূল্যবান বলে মনে করে?

1. তাদেরকে সম্মান দিন, সমান মূল্যবান হিসেবে তাদের সাথে আচরণ করুন এবং সম্প্রদায়ের মধ্যে তাদেরকে অন্তর্ভুক্ত করুন।
2. তাদেরকে একটা স্থান, একটা ভূমিকা, একটা সুযোগ দিন সম্প্রদায়ের মধ্যে অংশগ্রহণ করতে।
3. তাদের সাথে একটা যাত্রা করুন, তারা যেমন তেমনই তাদেরকে গ্রহণ করুন এবং তাদেরকে বুঝতে সময় দিন।
4. কথা বলার জন্য ও তাদের মতামত প্রকাশ করার জন্য এবং সমান কথা বলার অধিকার দিয়ে তাদেরকে সুযোগ দিন।
5. ঈশ্বরের মহিমা জানার এবং তাঁর বিষয়ে সাক্ষ্য দেওয়ার সুযোগ দিন, আর সেইসঙ্গে তাঁর মধ্যেই নিজেদের পরিচয়, যোগ্যতা ও মূল্য উপলব্ধি করারও সুযোগ করে দিন।
6. তাদের বরদানগুলিকে (প্রত্যেক ব্যক্তির কাছে অন্তত একটা করে বরদান রয়েছে) চিহ্নিত করতে এবং সেইগুলি ব্যবহার করে অন্যদেরকে উপকার করার সুযোগ দিন।

বাইবেল অধ্যয়ন

লুক ৪:৪৩-৫৫ পড়ুন

প্রেক্ষাপট

এই শাস্ত্রাংশে এক বহিষ্কৃত মহিলা তার সবকিছুকে ঝুঁকিতে ফেলে যীশুকে স্পর্শ করে। তার সংস্কৃতিতে তাকে সবাই অপবিত্র মনে করবে কিন্তু যীশুকে তবুও পবিত্র বলে মনে করবে।

দলগত আলোচনা

৪৩-৪৪ পদে, যীশুর কাছ থেকে একটা স্পর্শ পেয়ে সেই বহিষ্কৃত মহিলাটির সাথে কী ঘটেছিল?

সে (শারীরিক ভাবে) সুস্থ হয়েছিল।

৪৫ পদে যীশু কী বলেছিলেন?

কে আমাকে স্পর্শ করলো?

যীশু বলেননি, আমাকে কী স্পর্শ করলো, কিন্তু কে স্পর্শ করলো। কে বলতে এখানে একজন ব্যক্তিকেই বুঝিয়েছে। যীশু তাকে মূল্যবান মনে করলেন এবং তাকে খোঁজার জন্য থামলেন, এবং তাঁর সময় ও আকর্ষণ তাকে দিলেন। সেই মহিলাটি ইতিমধ্যেই তাঁর আরোগ্য দানকারী ক্ষমতা লাভ করেছিলেন। মনে রাখবেন, জগতের দৃষ্টিতে এক মূল্যবান মানুষের মৃতপ্রায় মেয়েটিকে সুস্থ করতে যীশু যাত্রা করছিলেন।

৪৭ পদে সেই মহিলাটি কী করেছিলেন?

সেই মহিলাটি দেখলেন যে সে লুকাতে পারবে না, তাই সামনে এলে এবং যীশুর সামনে নতজানু হয়ে সাক্ষ্য দিলও যে যীশুর একটা স্পর্শই তাকে সুস্থ করেছে।

যীশু শুধুই সেই মহিলাটিকে সর্বশক্তিমান ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট একজন ব্যক্তি রূপে মূল্যবান বলে স্বীকৃতি দিলেন না, বরং সেই একটা স্পর্শে, সমস্ত সম্প্রদায়, যীশুর শিষ্যেরা এবং যীশু নিজে, এই মহিলাটির কথা শুনছে।

তার একটা স্থান রয়েছে। তার কথা বলার অধিকার রয়েছে। সে একজন মূল্যবান ব্যক্তি। সে একজন উল্লেখযোগ্য ব্যক্তি।

৪৮ পদে সমস্ত সম্প্রদায়ের সামনে এবং তাঁর শিষ্যদের সামনে যীশু সেই মহিলাটিকে কী বলে ডাকলেন?

ঈশ্বরের কন্যা অর্থাৎ সন্তান।

যীশুর কাছ থেকে একটিমাত্র স্পর্শ শারীরিক ভাবে, মানসিক ভাবে এবং আত্মিক ভাবে সম্পূর্ণ করে। সেই মহিলাটির এখন একটি স্থান রয়েছে, কথা বলার অধিকার রয়েছে, ঈশ্বরের সন্তান হিসেবে একটি পুনঃস্থাপিত পরিচয় রয়েছে।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে কোন একটি বিষয় আপনি শিখেছেন?

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা কী?

অধিবেশন 14: সম্পর্ক – সমানতা

‘শিখলাম যে যীশুতে সম্পর্কগুলো সমতার ভিত্তিতে পুনরুদ্ধার হয়...এই বার্তা বিশ্বাসী ও অবিশ্বাসীদের কাছে...সমাজের সর্বত্র পৌঁছানো জরুরি।’ – সেমিনার অংশগ্রহণকারী

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা ঈশ্বরের প্রেম ও আরোগ্যদানকারী ক্ষমতার ঘোষণা করে।

ঈশ্বরের কাহিনী থেকে, তাঁর প্রকৃত প্রেম কাহিনী, অর্থাৎ বাইবেল থেকে আমরা কয়েকটি দিক নিয়ে অধ্যয়ন করবো যে ঈশ্বর কীভাবে পুরুষ ও মহিলাকে সমান হিসেবে দেখেন।

মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত এই জগতে বসবাস করতে-করতে, ঈশ্বরের রাজ্যের মধ্যে সম্পর্কগুলিকে বুঝতে গেলে, আমাদেরকে সৃষ্টির সময়ে ফিরে যেতে হবে। **আদিপুস্তক 1:27-31** পড়ুন

ঈশ্বর তাঁর সৃষ্টি সম্পর্কে, যার মধ্যে পুরুষ ও নারীও অন্তর্ভুক্ত, কী ঘোষণা করেছিলেন?

সে সবই খুব ভালো।

কার প্রতিমূর্তিতে ঈশ্বর পুরুষকে বানিয়েছিলেন?

ঈশ্বর তাঁর নিজের প্রতিমূর্তিতে।

কার প্রতিমূর্তিতে ঈশ্বর নারীকে বানিয়েছিলেন?

ঈশ্বর তাঁর নিজের প্রতিমূর্তিতে।

ঈশ্বর কাদেরকে সমান ভাবে আশীর্বাদ করলেন?

পুরুষ এবং নারীকে।

ঈশ্বর সমস্ত পৃথিবীর উপর সমান ভাবে অধিকার (রাজত্ব করার ক্ষমতা) কাদেরকে দিয়েছিলেন?

পুরুষ এবং নারীকে।

আদিপুস্তক 2:18-20 পড়ুন

এই পদে ঈশ্বর নারীকে পুরুষের সাহায্যকারী হিসেবে উল্লেখ করেছেন। এর অর্থ হল সঙ্গে থাকা, এমন কেউ যে একই মাংস দ্বারা তৈরি, কিন্তু তবুও আলাদা। এমন কেউ যে পুরুষের সাথে সমান, যারা একসঙ্গে মিলিত হয়ে এক হতে পারে। এমন একজন যে পুরুষকে সম্পূর্ণ করে, যাকে ঈশ্বর তাঁর নিজের প্রতিমূর্তিতে বানিয়েছেন।

ঈশ্বরের বাক্যের পুরাতন নিয়মে, সাহায্যকারী শব্দটি প্রায়ই ব্যবহৃত হত যখন ঈশ্বর মানুষের সঙ্গ দিতেন। ঈশ্বরের বাক্যের নতুন নিয়মে, যীশু স্বয়ং ঈশ্বরের আত্মাকে আমাদের সাহায্যকারী হিসেবে বলেছেন।

ঈশ্বর পুরুষ এবং নারীকে সমান ভাবে নাকি অসমান ভাবে তৈরি করেছেন?

সমান ভাবে।

সমস্ত সৃষ্টির মধ্যে পুরুষ ও নারী হল ঈশ্বরের সবচেয়ে শ্রেষ্ঠ সৃষ্টি। মানুষ (উভয় পুরুষ ও নারী) ঈশ্বরের নিঃশ্বাস লাভ করেছিল, দুজনেই একে অপরের সাথে সমান, একে অপরের পরিপূরক হতে এবং সৃষ্টিকর্তা ঈশ্বর ও একে অপরের সাথে একটা সমান সম্পর্ক ধারণ করে।

পুরুষ এবং নারীকে **মঙ্গলের জন্য পরিকল্পনা করা হয়েছিল ... সমান-সমান।**

বর্তমানের জগত কি সিদ্ধ?

না।

ঈশ্বরের নিখুঁত জগতকে বদলে দেওয়ার জন্য কিছু একটা ঘটেছিল। মনে করুন ঈশ্বর পুরুষ এবং নারীকে সমস্ত পৃথিবীর উপর কর্তৃত্ব করার এবং ঈশ্বরের সিদ্ধ জগতের উপর তত্ত্বাবধান করার একটা দায়িত্ব ও সুযোগ দিয়েছিলেন। তাঁর সাথে বিজয়ী ভাবে জীবনযাপন করার জন্য তিনি তাদেরকে সবকিছুই দিয়েছিলেন।

ঈশ্বর পুরুষ এবং নারীকে জীবন ও মৃত্যুর মাঝে নির্বাচন করার, ঈশ্বরের প্রজ্ঞা ও জীবন গাছকে বেছে নেবে নাকি দিয়াবলের প্রতারণা এবং ভালো ও মন্দ গাছের ফল খাওয়ার জন্য বেছে নেবে, সেটা বেছে নেওয়ার স্বাধীনতা দিয়েছিলেন।

ঈশ্বর মানুষকে (উভয় পুরুষ এবং নারীকে) **কী** পছন্দ করতে দিয়েছিলেন? **আদিপুস্তক 2:8-9** এবং

আদিপুস্তক 2:15-17 পড়ুন

জীবন ও মৃত্যু।

আদিপুস্তকের তৃতীয় অধ্যায় শেষ হওয়ার আগেই, প্রথম পুরুষ ও নারী দিয়াবলের প্রতারণা এবং ভালো ও মন্দের জ্ঞানবৃক্ষের ফল খাওয়ার জন্য বেছে নিয়েছিল। এটি তারা বেছে নিয়েছিল ঈশ্বরের প্রজ্ঞা ও জীবনবৃক্ষের ফল খাওয়ার পরিবর্তে। তারা দুজনেই ঈশ্বরের প্রজ্ঞাকে অবিশ্বাস, দূরত্ব এবং প্রত্যাখ্যানের সম্পর্ক বেছে নিয়েছিল, যার ফলে মৃত্যু ও বিনাশ ঘটেছিল, বিশ্বাস, অন্তরঙ্গতা এবং ঈশ্বরের প্রজ্ঞা গ্রহণের সম্পর্কের পরিবর্তে, যার ফলে জীবন ও ফলপ্রসূতা আসতে পারত। পুরুষ ও নারী মৃত্যু এবং মন্দকে এই নিখুঁত জগতে প্রবেশ করতে দিয়েছিল।

আদিপুস্তক 3:1-7 এবং **আদিপুস্তক 3:16-17** পড়ুন


এখন পুরুষ ও নারীর মাঝে সম্পর্ক **কেমন**, সমান নাকি অসমান?

অসমান।

দুজনেই নিয়ন্ত্রণ ও ক্ষমতা লাভ করার জন্য প্রচেষ্টা করে। নারী পুরুষকে নিয়ন্ত্রণ করার এবং পুরুষ নারীর উপর কর্তৃত্ব করার আকাঙ্ক্ষা করে।

আদিপুস্তক 4:7 পড়ুন

আদিপুস্তক 3:16-17 পদের প্রেক্ষাপটে লালসা শব্দটির অর্থ হল নিয়ন্ত্রণ করা ও নিজের স্বার্থে অন্যকে ব্যবহার করার পিছনে দৌড়ানো। **আদিপুস্তক 3:16-17** পদের প্রেক্ষাপটে প্রভুত্ব করবে কথাটির অর্থ হল কর্তৃত্ব করা এবং অন্যকে দমন করা।



**মঙ্গলের জন্য পরিকল্পনা
করা হয়েছিল**

মন্দতা দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া নারী এখন পুরুষের সাথে কী করতে চায়?

তাকে নিয়ন্ত্রণ করার ও নিজের স্বার্থে তাকে ব্যবহার করার পিছনে দৌড়ানো।

মন্দতা দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া পুরুষ এখন নারীর সাথে কী করতে চায়?

আধিপত্য বিস্তার করা এবং অত্যাচার করা।

পুরুষ ও নারী মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত হয়ে ... অসমান-অসমান।

কিন্তু কাহিনী এখানেই শেষ হয় না। ঈশ্বর তাঁর মহৎ প্রেমে এক রক্ত ও মাংসের মানুষ হয়ে তাঁর নিজের সৃষ্টির কাছে নেমে আসলেন, দ্রুশের উপরে সেই সমস্ত ক্ষতি, অসুস্থতা, মৃত্যু ও মন্দতাগুলি নিজের উপর নিয়ে নিলেন, যা মানুষের অপরাধের কারণে এই পৃথিবীতে প্রবেশ করেছিল, আর যীশু মৃত্যু থেকে বেঁচে উঠলেন, সকল ক্ষতি, অসুস্থতা, মৃত্যু ও মন্দতার উপর জয়ী হলেন, এবং আরও উত্তম বিষয়ের জন্য আমাদেরকে পুনরুদ্ধার করলেন।

পুরুষ ও নারী আরও উত্তম বিষয়ের জন্য পুনরুদ্ধার হল ... সমান-সমান।

কিন্তু কাহিনী এখানেও শেষ হয় না। ঈশ্বর তাঁর মহৎ প্রেমে আমাদেরকে ক্ষমতা ও কর্তৃত্ব দিয়েছেন তাঁর সত্যকে জানার জন্য, যাতে আমরা আর প্রতারণিত না হই। দিয়াবলের মিথ্যাগুলিকে খণ্ডন করার জন্য এবং মন্দ দ্বারা এই ক্ষতিগ্রস্ত জগতে আমাদের আত্ম-কেন্দ্রিক আকাঙ্ক্ষাগুলির উপর বিজয়ী ভাবে জীবনযাপন করার জন্য শক্তিশালী করেছেন।


যখন আমরা নিজেকে ও অন্যদেরকে নিয়ন্ত্রণ করা ও কর্তৃত্ব করার আকাঙ্ক্ষাগুলিকে আমাদের পিতার ইচ্ছার অধীনে সমর্পণ করি এবং যীশু, রক্ত ও মাংসে জন্ম নেওয়ার দ্বারা, মারা যাওয়ার দ্বারা, পুনরুত্থিত হওয়ার দ্বারা এবং স্বর্গে উঠে যাওয়ার দ্বারা আমাদেরকে যা কিছু প্রদান করেছেন, সেইগুলিকে গ্রহণ করি, তখন আমাদের উপর থেকে পাপের শক্তি ভেঙে যায়। তখন, মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত এই জগতে আমরা বাস্তবে একটি বিজয়ী জীবনযাপন করতে পারি।

ঈশ্বর তাঁর মহৎ প্রেমে পুনরুদ্ধার করা ও আরোগ্য করার তাঁর মিশনে আমাদেরকে অংশীদার করেন। অধিবেশন 15 এবং 16 তে, ঈশ্বরের কাহিনী, অর্থাৎ বাইবেল থেকে আমরা ঈশ্বরের প্রেম এবং তাঁর আরোগ্যদানকারী মিশনে আমাদেরকে অংশীদার করার বিষয়ে অধ্যয়ন করবো।


পুরুষ এবং নারীকে আরোগ্য দান করার জন্য পাঠানো হয়েছে ... সমান-সমান।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে কোন একটি বিষয় আপনি শিখেছেন?


আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা কী?



মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত হয়ে



আরও উত্তম বিষয়ের জন্য পুনরুদ্ধার হল



আরোগ্য দান করার জন্য
পাঠানো হয়েছে

অধিবেশন 15: সম্পর্ক – শিষ্যত্ব

আমরা যখন জীবনের মধ্যে দিয়ে যাত্রা করি, পরিস্থিতি যাই হোক না কেন, যেখানেই আমরা যাই না কেন, সর্বশক্তিমান, সর্বদা উপস্থিত ঈশ্বর আমাদের সঙ্গে আছেন... অত্যন্ত ঘনিষ্ঠভাবে ও ব্যক্তিগত ভাবে।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা আমাদের সাথে ঈশ্বরের উপস্থিতিতে ঘোষণা করে।

বাইবেল অধ্যয়ন

শিষ্যত্ব শুরু হয় ঈশ্বরকে ও আপনার জন্য তাঁর প্রেমকে জানার মাধ্যমে, তাঁর পরিচয় জানার মাধ্যমে, তিনি কী করেছেন এবং কী করবেন, সেই সবকিছু জানার মাধ্যমে। তাঁর সাথে সময় অতিবাহিত করা, তাঁর উপস্থিতিতে থাকা, তাঁর বাক্যকে শোনা বা পাঠ করা, আরাধনা, প্রার্থনা ও অন্যান্য বিশ্বাসীদের সাথে সহভাগীতায় থাকা আমাদেরকে ঈশ্বরকে জানতে সাহায্য করে।

আমাদের মধ্যে এবং অন্যদের মধ্যে শিষ্যত্ব হল একটা প্রতিদিন অনবরত চলতে থাকা প্রক্রিয়া। যেমন আমরা দ্রাক্ষালতার সাথে সম্পর্ক অধিবেশনে শিখেছি, আমাদের চরিত্রের মধ্যে পরিবর্তন এবং আমাদের মধ্যে বৃদ্ধি হল পবিত্র আত্মার কাজ। অন্যদের কাছে ঈশ্বরের নিজেকে প্রকাশ করার জন্য আমাদের প্রয়োজন নেই কিন্তু তাঁর মহৎ প্রেমে, তিনি আমাদেরকে বেছে নিয়েছেন তাঁর এই পরিকল্পনায় অংশীদার হতে। অন্যেরা যদি ঈশ্বর, তাঁর সত্য, প্রেম ও ক্ষমতাকে জানতে চায়, তাহলে প্রথমে তাদেরকে তাঁর সম্বন্ধে জানতে হবে।

আমরা কার শিষ্য?

যীশুর।

কার কাছে সমস্ত ক্ষমতা ও অধিকার রয়েছে? মথি 28:18-20 পড়ুন

যীশুর কাছে।

এই তিনটি পদে যীশু তাঁর শিষ্যদেরকে কোন চারটি কাজ করতে বলেছেন?

1: যাও 2: বাপ্তাইজিত কর 3: শিক্ষা দাও 4: শিষ্য কর

1: যাও

এই প্রেক্ষাপটে ‘যাও’ শব্দটির অর্থ বোঝায় আমাদের জীবনযাত্রায় চলতে-চলতে (আমরা যে পরিস্থিতিতেই থাকি না কেন), যখন আমরা এক স্থান থেকে আরেক স্থানে যাত্রা করি (সে আমরা যে অঞ্চলেই থাকি না কেন), যীশুর কাছে সেই পরিস্থিতির উপর, এবং সব অঞ্চলের উপর সম্পূর্ণ ক্ষমতা ও অধিকার রয়েছে। তাঁর সাথে প্রতিদিনের চলাফেরায় আমাদের প্রত্যেকে যেখানেই থাকুক না কেন, তিনি সেখানে রয়েছেন, অত্যন্ত ঘনিষ্ঠ ভাবে ও ব্যক্তিগত ভাবে, প্রত্যেক শিষ্যদের অন্তরে তাঁর আত্মার মাধ্যমে।

2: বাপ্তাইজিত কর

এই প্রেক্ষাপটে বাপ্তিস্ম দেওয়ার অর্থ হল ডুবানো অথবা বারংবার চোবান, ধৌত করার জন্য, যীশু এবং তাঁর পরিচয়ের সাথে একাত্ম হওয়া। তাঁর মৃত্যু ও পুনরুত্থানে তাঁর সাথে এক হওয়া। যীশুকে গ্রহণ করার অর্থ হল তাঁর পরিচয়কে গ্রহণ করা, তাঁর আত্মাকে ও পিতাকে গ্রহণ করা। তাঁর মধ্যে সম্পূর্ণ ভাবে ডুবে যাওয়ার অর্থ হল তাঁর ক্ষমতা ও কর্তৃত্ব লাভ করা, এবং সমর্পণের হৃদয় ও মন ধারণ করার মাধ্যমে, তাঁর আত্মা দ্বারা, এখন ও ভবিষ্যতের জন্য এক চিরস্থায়ী ও ইতিবাচক ভাবে পরিবর্তিত হওয়া।

3: শিক্ষা দাও

কার্যকারী ভাবে শিক্ষা দেওয়ার অর্থ হল অন্যদেরকে যীশুর বিষয়ে জানতে শক্তিশালী করা, তাঁর সাথে তাদের সম্পর্কে বৃদ্ধি পাওয়া এবং অন্যদেরকেও শিক্ষা দেওয়া। শিক্ষা দেওয়ার অর্থ এটা দেখানো নয় যে আমরা কত বেশি জানি বা আমরা কতটা সঠিক। যীশুর শিষ্য তৈরি করার প্রেক্ষাপটে শিক্ষা দেওয়ার অর্থ হল প্রত্যেক জাতি থেকে, উভয় পুরুষ ও নারীদের (সমান-সমান ভাবে), প্রাপ্তবয়স্ক ও শিশুদের (সমান-সমান ভাবে) ঈশ্বরের মধ্যে ডুবে যেতে, তাদের সম্পূর্ণ আনুগত্য শুধু তাঁকেই দিতে সাহায্য করা।

4: শিষ্য কর

এই প্রেক্ষাপটে, ‘শিষ্য কর’ হল প্রধান ক্রিয়া। আমরা শিষ্য তৈরি করি তাদেরকে বাপ্তিস্ম দিয়ে, যার অর্থ হল তাঁর মধ্যে সম্পূর্ণ ভাবে ডুবে যাওয়া, তাঁর সত্যের দায়িত্ববান তত্ত্বাবধায়ক হতে এবং তাঁর মিশনের কর্মী হতে শিক্ষা দেওয়া।

যীশুর শিষ্য তৈরি করা হল ঈশ্বরের পরিকল্পনাকে পূর্ণ করার জন্য তাঁর কৌশল (ইফিষীয় 1:9-10)। শিষ্য করা হল পবিত্র আত্মার একটা কাজ যা তিনি তাঁর শিষ্যদের মধ্যে ও দ্বারা করে থাকেন। ঈশ্বর তাঁর পরিকল্পনাকে আমাদের কাছে, অর্থাৎ তাঁর শিষ্যদের কাছে প্রকাশ করেছেন, আর আমাদের প্রতি তাঁর মহৎ প্রেমের কারণে তিনি আমাদের প্রত্যেককে তাঁর পরিকল্পনায় অংশীদার করেছেন।

যখন আমরা যীশুর বিষয়ে *শিখছি*, যখন আমরা তাঁকে প্রতিদিন আরও বেশি করে ব্যক্তিগত ভাবে চিনছি ও তাঁর সাথে সম্পর্কে রয়েছি এবং তাদেরকে *জানছি* যারা আমাদের সাথে জীবনের যাত্রায় একসঙ্গে চলছে, যেমন ভাবে যীশু তাঁর নিজের জীবনকে আমাদের সাথে *ভাগ করে* নিয়েছেন, আমরাও যীশুর বিষয় শিক্ষা অন্যদের সাথে ভাগ করে নিই, যেমন ভাবে যীশু আমাদের *সেবা করেন*, তেমন ভাবে আমরাও অন্যদেরকে সেবা করার মধ্যে দিয়ে যীশুর সেবা করে থাকি, তাঁর আত্মা দ্বারা, তাঁর নামেতে, তখন ঈশ্বরের ইচ্ছা পূর্ণ হয়।

প্রত্যেক শিষ্যদের মধ্যে পবিত্র আত্মা রয়েছে, যিনি হলেন যীশুর সাক্ষী। আপনার সাক্ষ্য হল সেই মানুষটি হয়ে ওঠা যেটার জন্য ঈশ্বর আপনাকে সৃষ্টি করেছেন, আপনার মধ্যে খ্রীষ্টের পরিবর্তনকারী শক্তি দ্বারা। প্রত্যেক শিষ্যদের কাছে একটি কাহিনী আছে যা যীশুর পক্ষে সাক্ষ্য দেয়।

সাক্ষ্য

যীশুর শিষ্য হওয়ার আগে আপনি **কেমন** ধরনের ব্যক্তি ছিলেন?

যীশুর শিষ্য হিসেবে এখন আপনি **কী** প্রকারের ব্যক্তি হয়ে উঠেছেন, যা আপনার মধ্যে যীশুর দ্বারা করা পরিবর্তনকে দেখায়?

যখন আপনি যীশুকে গ্রহণ করার এবং তাঁর শিষ্য হওয়ার সিদ্ধান্ত নিলেন তখন আপনার **কী** পরিস্থিতি ছিল?

কোন সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি আপনাকে যীশুকে গ্রহণ করা ও তাঁর শিষ্য হওয়ার পর্যায়ে নিয়ে এসেছিল?

বর্তমানে আপনার জীবনে সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবর্তন **কী** এসেছে?

প্রত্যেক ব্যক্তি—এক-একজন করে—তাদের সাক্ষ্য বলবে (দুই মিনিটের কম সময়ের মধ্যে), যেন সে তার জীবন কাহিনীটা কোন একজন অবিশ্বাসীর কাছে বলছে। ধর্মিক হওয়া, পরিত্রাণের মত খ্রীষ্টীয় শব্দগুলিকে এড়িয়ে চলুন, তার পরিবর্তে বর্ণনা করুন যে আপনার জীবনে পরিত্রাণের অর্থ **কী**।

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা **কী**?



অধিবেশন 16: সম্পর্ক – ঈশ্বরের রাজ্য

আমরা যার আরাধনা করি, তাঁর মতই হই।

শুরুর প্রার্থনা

কাউকে প্রার্থনা দিয়ে অধিবেশনটি শুরু করতে বলুন।

আরাধনা

দলগত ভাবে, দুটি বা তিনটি আরাধনামূলক গান বেছে নিন যা যীশুকে রাজা হিসেবে ঘোষণা করে!

মনে রাখবেন যে এই যাত্রার শুরুতে আমরা একসঙ্গে শিখেছিলাম যে ঈশ্বর নিজেকে ও তাঁর পরিকল্পনাকে আমাদের কাছে প্রকাশ করতে চান, যা হল স্বর্গে ও পৃথিবীতে সমস্তকিছুকে খ্রীষ্ট যীশুতে একতায় আনা।

শব্দ অধ্যয়ন

রাজ্য বলতে কোনো রাজ্যের উপর শাসন করার স্বত্বাধিকার বা অধিকার বা শক্তি, এবং সেই শাসন বা অধিকারের অধীনস্থ রাজ্য বা প্রদেশ উভয়কেই বোঝায়।

ঈশ্বর অর্থাৎ সর্বশ্রেষ্ঠ ব্যক্তি, যাকে আমরা পিতা, পুত্র ও পবিত্র আত্মা হিসেবে জানি।

ঈশ্বরের রাজ্য মানে স্বর্গ ও পৃথিবীর ওপর শাসন করার জন্য যীশুর অধিকার বা ক্ষমতা। যীশু ঈশ্বরের রাজ্যের শাসক। অধিবেশন 10 -এ, *আত্মা থেকে জাত*, আমরা শিখেছিলাম যে ঈশ্বরের রাজ্যে প্রবেশ করতে হলে আমাদের সেই রাজ্যের রাজাকে গ্রহণ করতে হবে। যীশু খ্রীষ্টের বার্তা, সেবা এবং তার আরোগ্যদানের মিশনে তাঁর শিষ্যদের ভূমিকা বোঝার জন্য ঈশ্বরের রাজ্যের ধারণাটি একটি গুরুত্বপূর্ণ সূত্র।

বাইবেল অধ্যয়ন

লুক 4:43 এবং প্রেরিত 1:1-4 পড়ুন

যীশু ঈশ্বরের রাজ্যের বিষয়ে শিক্ষা দিয়েছিলেন, ঈশ্বরের রাজ্যকে প্রদর্শন করেছিলেন, এবং স্বয়ং ঈশ্বরের রাজ্যের শাসক।

যীশুর রক্ত ও মাংসে আসার মাধ্যমে কী পূর্ণ হয়েছিল বলে যীশু বলেছিলেন? লুক 4:18-19 পড়ুন

1. দরিদ্রদের কাছে সুসমাচার প্রচার
2. ভগ্ন হৃদয়ের সুস্থতা
3. বন্দীদের মুক্ত করা
4. অন্ধদের দৃষ্টি ফিরিয়ে দেওয়া
5. তাড়িত মানুষদের মুক্ত করা
6. ঘোষণা করা যে এই সমস্ত ঘটনার জন্য এতরাই হল ঈশ্বরের নির্ধারিত সময়ের সূচনা

যীশু খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের রাজ্য এই পৃথিবীতে, মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত এই জগতে এসে পড়েছে।

যীশু যোহনকে কী বলেছিলেন যে ঈশ্বরের রাজ্য / স্বর্গরাজ্য পৃথিবীতে আসার প্রমাণ ছিল? মথি 11:3-5 পদ পড়ুন

1. অন্ধ দেখবে
2. খোঁড়া ব্যক্তি চলবে
3. কুষ্ঠরা শুচি হবে
4. বধির শুনতে পাবে
5. মৃতরা বেঁচে উঠবে
6. দরিদ্রদের কাছে সুসমাচার ঘোষণা করা হবে

পুরাতন নিয়মে এমনই এক দিনের বিষয়ে অনেক ভবিষ্যদ্বাণী রয়েছে যেদিন অন্ধরা দেখতে পাবে, খঞ্জরা চলবে এবং বধিররা শুনতে পাবে। এটা শুধুমাত্র আত্মিক সুস্থতার কথা বলছে না। যীশু প্রকাশ করেছেন যে ঈশ্বরের রাজ্য হল একটি সম্পূর্ণ আরোগ্যতা: আত্মিক, শারীরিক ও মানসিক। সম্পূর্ণ পূর্ণতা ও শান্তি।

ঈশ্বর পিতা যীশুকে মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত এই জগতে পাঠিয়েছিলেন (যা বর্তমানে দিয়াবলের এবং আধিপত্য ও নিয়ন্ত্রণ করার জন্য মানুষের আকাঙ্ক্ষার প্রভাবের অধীনে রয়েছে) বন্দীদের মুক্ত করতে, ভগ্ন হৃদয়গুলিকে জুড়তে এবং ঈশ্বরের রাজ্যের আগমনের ঘোষণা করতে। যারা যীশুর রক্ত ও মাংসে বলিদানকে বিশ্বাস করেছে ও গ্রহণ করেছে তারা চিরকালের জন্য উদ্ধার পেয়েছে। মৃত্যুর রাজ্য থেকে উদ্ধার পেয়ে জীবনের রাজ্যে তাদেরকে ফিরিয়ে আনা হয়েছে।

মথি 19:13-15 (এছাড়াও মার্ক 10:13-16 এবং লুক 18:15-17) পড়ুন

যীশু শিশুদেরকে কীভাবে দেখেন, সেই বিষয়ে আমরা কী শিখেছি?

যদিও যীশু একটি শিশুর বিশ্বাস ও ভরসাকে ঈশ্বরের রাজ্যের সাথে তুলনা করেছিলেন, তবুও যীশুর থামা ও শিশুদের মাঝে পরিচর্যা করার গুরুত্ব অত্যন্ত শক্তিশালী এবং তিনটি সুসমাচারের মধ্যেই অন্তর্ভুক্ত করা হয়েছে। সেই সময়ের সংস্কৃতিতে, মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত জগতে, শিশুদেরকে বড়দের তুলনায় কম গুরুত্বপূর্ণ মনে করা হত। শিষ্যেরা জগতের সংস্কৃতি অনুসরণ করছিল এবং ঈশ্বরের রাজ্যের সংস্কৃতি অনুযায়ী জীবনযাপন করছিল না। যীশুর কাজ দ্বারা, যীশু তাঁর শিষ্যদের শেখালেন ও প্রদর্শন করলেন যে মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত জগতে ঈশ্বরের রাজ্য কেমন দেখতে লাগে।

প্রাপ্তবয়স্কদের সাথে সম্পর্কে, যীশু শিশুদেরকে কী দৃষ্টিতে দেখেছিলেন, সমান অথবা অসমান?

সমান।

দলগত আলোচনা

দলগত ভাবে আলোচনা করুন যে ঈশ্বরের রাজ্য কী, এই বিষয়ে আপনি কী বিশ্বাস করেন।

1. ঈশ্বর ও অন্যদের সাথে একটি পুনঃস্থাপিত সম্পর্ক, পুরুষ, নারী, ছেলে, মেয়ে...সমান-সমান।
2. দরিদ্র ও ধনী, উভয়েই শক্তিশালী হয়েছে...সমান-সমান।
3. সমান লোকদের একটি সম্প্রদায়, যেখানে একেঅপরকে গেঁথে তুলছে।
4. সেই সকল মানুষদের অন্তর্ভুক্ত করা যারা যীশুতে বিশ্বাস করে ও অবস্থান করে।
5. ন্যায় ও শান্তির সাথে সম্প্রদায়কে গড়ে তোলা।

6. সত্য ও প্রেমের সাথে বন্দীদের মুক্ত কর।

7. সৎ অভ্যাসগুলি সংস্কৃতি হয়ে ওঠে।

ঈশ্বরের রাজ্য যীশুতে প্রকাশিত হয়েছে।

যীশু তাঁর আত্মা দ্বারা, তাঁর ক্ষমতা ও কর্তৃত্বের মাধ্যমে, এই মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত জগতে ঈশ্বরের রাজ্যে জীবনযাপন করার জন্য এবং পিতা ঈশ্বরের মহিমার জন্য তাঁর রাজ্যের অগ্রগতিতে অংশ নিতে আমাদের উপর দায়িত্বভার সঁপেছেন।

আমরা যত বেশি ঈশ্বরকে ও আমাদের প্রতি তাঁর প্রেমকে জানবো, তাঁর উপস্থিতিতে তাঁর সাথে সময় কাটাবো, তাঁর বাক্য শুনব বা পাঠ করবো, আরাধনা, প্রার্থনা ও অন্যান্য বিশ্বাসীদের সাথে সহভাগীতা করবো, যীশুর থেকে লাভ করবো, তত বেশি আমরা মন্দ দ্বারা ক্ষতিগ্রস্ত এই জগতে তাঁর বিজয়ের পূর্ণতায় বাস করবো, তাঁর মহৎ প্রেমের সাক্ষ্য দেব ও শিষ্য তৈরি করবো, বর্তমানে এই পৃথিবীতে ঈশ্বরের রাজ্যে বসবাস করবো।

এই অধিবেশন থেকে ঈশ্বর সম্বন্ধে কোন একটি বিষয় আপনি শিখেছেন?

আপনার ব্যবহারিক প্রতিক্রিয়া / প্রার্থনা কী?

প্রার্থনা

ইফিষীয় 3:14-21 এই কারণে আমি পিতার কাছে নতজানু হই। তাঁর কাছ থেকেই স্বর্গের বা মর্ত্যের প্রত্যেক পরিবার প্রকৃত নাম পায়। আমি পিতার কাছে প্রার্থনা করি যেন তাঁর মহান প্রতাপে তিনি তোমাদের সেই শক্তি দেন যার ফলে তোমাদের অন্তরাত্মা বলিষ্ঠ হয়ে ওঠে। তাঁর আত্মার দ্বারা তিনি তোমাদের সেই শক্তি দেবেন। আমি প্রার্থনা করি যেন বিশ্বাসের মধ্য দিয়ে খ্রীষ্ট তোমাদের হৃদয়ের মধ্যে বাস করেন। যেন তোমাদের জীবন প্রেমে সুদৃঢ় হয় ও প্রেমরূপ ভিতের উপর গড়ে উঠতে পারে। আমি প্রার্থনা করি, যেন তোমরা ও ঈশ্বরের সমস্ত পবিত্র লোকেরা খ্রীষ্টের প্রেমের মহত্ব বুঝতে সক্ষম হও। তোমরা যেন সেই প্রেমের গভীরতা, উচ্চতা, দৈর্ঘ্য ও বিস্তার জানতে পার। খ্রীষ্টের প্রেম এতো মহান যে কোন মানুষের পক্ষে সত্যি করে তা জানা সম্ভব নয়। আমি প্রার্থনা করছি যেন তোমরা সেই প্রেম উপলব্ধি করতে পার আর তাতেই তোমরা সম্পূর্ণভাবে ঈশ্বরের প্রকৃতিতে পূর্ণ হবে।

ঈশ্বরের যে শক্তি আমাদের মধ্যে সক্রিয় রয়েছে, সেই শক্তির দ্বারা ঈশ্বর আমরা যা চাই বা চিন্তা করি তার থেকেও অনেক বেশী কাজ করতে পারেন। মঞ্জুলীতে ও খ্রীষ্ট যীশুতে যুগ যুগান্ত ধরে তাঁরই মহিমা হোক। আমেন।^(ERV)

মূল্যহীন	অল্প মূল্যবান	অনেক বেশি মূল্যবান

